শ্রীশ্রী শ্যামানন্দ শতকম্

শ্রীশ্রী চৈতন্যাবতার

রসিকানন্দ প্রভু (রসিকমুরারী) বিরচিতম্

শ্রীমদ্ বলদেব বিদ্যাভূষণপাদ কৃতা টিপ্পনী সহিতম্

শ্রীশ্রী কৃষ্ণপ্রেমদাতা

শ্রীশ্রী কৃষ্ণপ্রিয়া শ্যামানন্দ প্রভু

।। শ্রীশ্রী গৌরাঙ্গ বিধুর্জয়তি ।।
।। শ্রীশ্রী রাধাশ্যামসুন্দর দেব বিজয়তে তমাম্ ।।
।। শ্রীশ্রী শ্যামানন্দ প্রভু শরণম্।।
।। শ্রীশ্রী রসিকানন্দ প্রভু শরণম্।।
।। শ্রীশ্রী বলদেব বিদ্যাভূষণ প্রভুপাদ সহায়ম্।।

শ্রীশ্রী শ্যামানন্দ শতকম্

দ্বিতীয় সংস্করণ ঃ দশ সহস্র গ্রন্থ
শ্রীশ্রী চৈতন্যাবতার রসিকানন্দ প্রভুর ৪২৯তম শুভ আবির্ভাব তিথি,
শ্রীশ্রী গিরি গোবর্দ্ধন পূজা, ৮ই নভেম্বর ২০১৮ খৃষ্টাব্দ

শ্রীশ্রী চৈতন্যাবতার

রসিকানন্দ প্রভু (রসিকমুরারী) বিরচিত

গৌড়ীয় বেদান্তাচার্য্য, শ্রীশ্রী গোবিন্দ ভাষ্যকার, অচিন্ত্য ভেদাভেদ তত্ত্ববেত্তা,
শ্রীশ্রী শ্যামানন্দী বৈষ্ণব চূড়ামণি,
শ্রীমদ্ বলদেব বিদ্যাভূষণপাদ কৃত টিপ্পনী সহিত

শ্রীশ্রী কৃষ্ণগোপালানন্দ দেব গোস্বামী প্রভুপাদ
সভাপতি
প্রভু শ্রীশ্রী শ্যামানন্দ প্রেম সংস্থান ট্রাষ্ট
আচার্য্য/সেবায়েৎ
"শ্রীশ্রী রাধাশ্যামসুন্দর জীউর মন্দির, জগদ্‌গুরু শ্রীশ্রী শ্যামানন্দ প্রভু দ্বারপীঠ"
"শ্রীশ্রী শ্যামানন্দী আদি ও মূল পীঠ"
সেবাকুঞ্জ, শ্রীধাম বৃন্দাবন-২৮১১২১, মথুরা, উত্তর প্রদেশ, ভারত
মোবাইল নং- ৯৪১২২২৬৩৬৮,৯২৫৮০৫৬৩৬৮
e-mail : shyamanandaprabhu1535@gmail.com
Facebook :- Radha Shyamsundar, website : www.radhashyamsundar.com
কর্ত্তৃক প্রকাশিত

* গ্রন্থের সর্বসত্ব প্রকাশকের দ্বারা সংরক্ষিত *

গ্রন্থ প্রাপ্তি স্থান ঃ—

১। **শ্রীশ্রী রাধাশ্যামসুন্দর জীউর মন্দির**
"জগদ্‌গুরু শ্রীশ্রী শ্যামানন্দ প্রভু দ্বারপীঠ, শ্রীশ্রী শ্যামানন্দী আদি ও মূল পীঠ"
সেবাকুঞ্জ, শ্রীধাম বৃন্দাবন, জেলা-মথুরা,
উত্তর প্রদেশ, ভারত, পিন—২৮১১২১
মোবাইল-০৯৪১২২৬৩৬৮, ০৯২৫৮০৫৬৩৬৮

২। **শ্রীশ্রী রাধাগোবিন্দ জীউর মন্দির**
শ্রীশ্রী শ্যামানন্দী গাদী, শ্রীপাট গোপীবল্লভপুর, পশ্চিম মেদিনীপুর,
পশ্চিমবঙ্গ, ভারত, পিন-৭২১৫০৬, মোবাইল-০৯৯৩২৭৯২৫৪৩

৩। **শ্রীশ্রী মহাপ্রভু জীউর মন্দির**
শ্রীশ্রী বাসুদেব ঘোষ ঠাকুরের শ্রীপাট, নরপোতা তমলুক-৭২১৬৩৬,
পূর্ব্ব মেদিনীপুর, পশ্চিমবঙ্গ, ভারত, মোবাইল-০৯৭৩৪৪১৫০৩১

৪। **শ্রীশ্রী শ্যামানন্দ প্রভু জন্মস্থান**
ধারেন্দা, পশ্চিম মেদিনীপুর, পশ্চিমবঙ্গ, ভারত।

৫। **শ্রীশ্রী রসিকানন্দ প্রভু জন্মস্থান**
রোহিনী, পশ্চিম মেদিনীপুর, পশ্চিমবঙ্গ, ভারত।

৬। **শ্রীশ্রী মদনমোহন জীউর মন্দির**
নাড়াজোল, পশ্চিম মেদিনীপুর, পশ্চিমবঙ্গ, ভারত।

৭। **শ্রীশ্রী কুঞ্জমঠ**
শ্রীধাম পুরীতে শ্রীশ্রী কৃষ্ণচৈতন্য মহাপ্রভুর আদি নিবাস স্থান
গণামল্ল সাই, শ্রীধাম পুরী, উড়িষ্যা, ভারত। মোঃ ০৭৫০৪৬৯৯০৪৯

৮। **শ্রীশ্রী বলদেব বিদ্যাভূষণ প্রভুপাদ জন্মস্থান**
অঠান্তর, রেমুনা, বালেশ্বর, উড়িষ্যা, ভারত।

৯। **শ্রীশ্রী শ্যামানন্দ নিকেতন**
গৌর বিহার, পটিয়া, ভুবনেশ্বর-৭৫১০৩০, উড়িষা, ভারত,
মোঃ ৯৪৩৯১৭৬১৬১

১০। **প্রভু শ্রীশ্রী শ্যামানন্দ আশ্রম**
রাধানগরী, চন্দনেশ্বর, বালেশ্বর, উড়িষ্যা, ভারত।

অবতরণিকা

শ্রীশ্যামানন্দ প্রভু ভগবান শ্রীকৃষ্ণের নিত্য পরিকর। গোলকের নিত্য নিকুঞ্জলীলায় তিনি লীলাবিলাসী শ্রীশ্যামসুন্দরের নিত্যপ্রিয়া শ্রীকণকমঞ্জরী। কলিতাপগ্রস্ত জীবের প্রতি করুণা করিয়া ভগবান শ্রীকৃষ্ণের ইচ্ছায় প্রেমভক্তি দ্বারা আপামর জীবগণকে উদ্ধার করিবার নিমিত্তই তিনি মানব দেহ ধারণ করিয়াছিলেন। মৃত্যুলোকে অবতীর্ণ হইয়া স্ব-লীলা মাধুর্য্যে তিনি কেবলমাত্র ভক্তগণকেই নহে, দুর্দান্ত অত্যাচারী জমিদার, রাজা মহারাজা হইতে আরম্ভ করিয়া বিধর্মী মুসলমান, এমন কি বনের সাঁওতাল, লোধা আদিকেও শ্রীকৃষ্ণের একান্ত অনুগত দাসে পরিণত করিয়াছিলেন। মৃত্যুলোকের দেব-দেবী, এমনকি বনের ব্যাঘ্র হইতে আরম্ভ করিয়া জলের কুমীর পর্য্যন্ত তাঁহার চরণাশ্রয় করিয়া সুদূর্লভ শ্রীকৃষ্ণ প্রেমের অধিকারী হইয়াছিল।

ভগবান শ্রীকৃষ্ণের নিত্যপ্রেয়সী শ্রীশ্যামানন্দ প্রভুর দিব্যাতিদিব্য লীলা চরিত শ্রীশ্রী শ্যামানন্দ প্রকাশ, শ্রীশ্রী শ্যামানন্দ রসার্ণব, শ্রীশ্রী শ্যামানন্দ রসনিধি, শ্রীশ্রী রসিকমঙ্গল, শ্রীশ্রী প্রেমবিলাস, শ্রীশ্রী নরোত্তম বিলাস, শ্রীশ্রী ভক্তিরত্নাকর, শ্রীশ্রী বিন্দুপ্রকাশ, শ্রীশ্রী অভিরাম লীলামৃত, শ্রীশ্রী ভক্তমাল আদি বিভিন্ন প্রাচীন গ্রন্থে বিস্তারিতভাবে বর্ণিত হইয়াছে। তন্মধ্যে নিম্নলিখিতভাবে তাঁহার স্বরূপ তত্ত্বও সূক্ষ্মরূপে উপরোক্ত গ্রন্থসমূহে বর্ণিত হইয়াছে। যথা ঃ-

'শ্রীশ্রী প্রেম বিলাস' গ্রন্থে শ্রীশ্যামানন্দ প্রভুকে শ্রীমদ্ অদ্বৈত প্রভুর শক্তি, আবেশ, অংশকলা এবং প্রকাশ রূপে বর্ণনা করা হইয়াছে। যথা-

অদ্বৈত প্রভুর শক্তি হয় শ্যামানন্দ।
যাঁর কৃপায় উৎকলিয়া পাইলা আনন্দ।।
শ্রীনিবাস নরোত্তম শ্যামানন্দ আর।
চৈতন্য নিত্যানন্দাদ্বৈতের **আবেশ অবতার**
অদ্বৈতের অংশকলা হয় শ্যামানন্দে।
যে কৈলা উৎকল ধন্য সংকীর্ত্তনানন্দে।।
নিত্যানন্দ ছিলা যেই নরোত্তম হৈলা সেই

শ্রীচৈতন্য হৈলা শ্রীনিবাস।
শ্রীঅদ্বৈত যাঁরে কয় শ্যামানন্দ তিঁহো হয়
ঐছে হৈলা তিনের প্রকাশ।।

—শ্রীশ্রী প্রেম বিলাস-২০

'শ্রীশ্রী রসিকমঙ্গল' গ্রন্থে শ্রীরসিকানন্দ প্রভুর শ্রীগুরু চরণাশ্রয় প্রাপ্তি প্রসঙ্গে উল্লেখ রহিয়াছে, ভগবান শ্রীকৃষ্ণ স্বয়ং শ্রীরসিকানন্দ প্রভুকে বলিতেছেন যে—তাঁহার প্রেয়সীই শ্রীশ্যামানন্দ প্রভু রূপে জন্মগ্রহণ করিয়াছেন, যথা-

আমার প্রেয়সী জন্ম শ্যামানন্দ রূপে।
প্রেম ভক্তি দিয়া উদ্ধারিবে সর্ব্বলোকে।

- শ্রীশ্রী রসিকমঙ্গল / পূর্ব ১৪/২৪

সেই 'শ্রীশ্রী রসিকমঙ্গল গ্রন্থে'র যোগী দামোদর উপাখ্যানে আবার বর্ণিত হইয়াছে যে- শ্রীযোগী দামোদর শ্রীশ্যামানন্দ প্রভুকে ভগবান শ্রীকৃষ্ণের প্রিয়ারূপে তাম্বুল সেবায় নিয়োজিতা দর্শন করিতেছেন। যথা ঃ-

নবীন কিশোর মূর্ত্তি শ্যামলসুন্দর।
ত্রিভঙ্গ ললিত বংশী শিখি পুচ্ছধর।।
পীতবাস পরিধান মনোহর বেশে।
শ্যামানন্দে দেখিলেন তাঁর বাম পাশে।।
রত্ন সিংহাসনে দেখি দোঁহা বিদ্যমান।
নিজবেশে শ্যামানন্দ তাম্বুল যোগান।।

- শ্রীশ্রী রসিকমঙ্গল / দক্ষিণ ১/৭৫-৭৭

'শ্রীশ্রী বিন্দু প্রকাশ' গ্রন্থে বর্ণিত হইয়াছে যে—শ্রীমতী রাধারাণী শ্রীশ্যামানন্দ প্রভুকে সখী রূপে দর্শন করিয়া, তিনি (শ্রীশ্যামানন্দ প্রভু) স্বয়ং যে শ্রীকৃষ্ণপ্রিয়া,—তাহা নিজ মুখেই প্রকাশ করিতেছেন। যথা—

তদ্বচো রচনং শ্রুত্বা রাধা তৎকৃপয়াকুলা।
উবাচ পূর্ব্বং যা কৃষ্ণপ্রিয়া সেয়ং পুরঃস্থিতা।।

—শ্রীশ্রী বিন্দু প্রকাশ-১০১

(অর্থাৎ- সেই বাক্য শ্রবণ করিয়া শ্রীমতী রাধারাণী জীউ তাঁহার প্রতি কৃপাপরবশ হইয়া বলিলেন—**পূর্ব্বে যিনি শ্রীকৃষ্ণপ্রিয়া ছিলেন, এই সম্মুখবর্তিণী সখীই তিনি।**

শ্রীশ্রী শ্যামানন্দ প্রকাশ' গ্রন্থে বর্ণিত রহিয়াছে যে নীলাচলচন্দ্র শ্রীজগন্নাথ দেবও শ্রীশ্যামানন্দ প্রভুর শ্রীঅঙ্গকে তাঁহার নিজেরই শ্রীঅঙ্গ বলিতেছেন। যথা ঃ-

পঞ্চক্রোশী মধ্যে প্রভু সেদিন রহিলা।
রাত্রে জগন্নাথ আসি দরশন দিলা।।
আজ্ঞা কৈল শুন ওহে শ্যামানন্দ রায়।
যানে নাহি চড়ি কেন পদে চলি যাও।।
তোমার দুঃখ হৈলে মোর দুঃখ হয়।
মোর অঙ্গ যেই তোমার অঙ্গ সুনিশ্চয়।।

—শ্রীশ্রী শ্যামানন্দ প্রকাশ / দশম /৪৭-৪৮

'শ্রীশ্রী শ্যামানন্দ প্রকাশ' গ্রন্থে পুনর্বার বর্ণিত হইয়াছে যে শ্রীকৃষ্ণচৈতন্য মহাপ্রভু শ্রীশ্যামানন্দ প্রভুর গুরুদেব শ্রীল হৃদয়চৈতন্য অধিকারী ঠাকুরকে বলিতেছেন যে— শ্রীশ্যামানন্দ প্রভু হইতেছেন তাঁহার আত্মা-স্বরূপ। যথা-

তব কৃপা হইতে পরি এ রক্ত বসন।
শ্যামানন্দ মোর আত্মা করিলে ঘাতন।।

—শ্রীশ্রী শ্যামানন্দ প্রকাশ / চতুর্থ/৫৩

সেই 'শ্রীশ্রী শ্যামানন্দ প্রকাশ' গ্রন্থে ইহাও বর্ণিত রহিয়াছে যে—শ্রীকৃষ্ণচৈতন্য মহাপ্রভু শ্রীল হৃদয়চৈতন্য অধিকারী ঠাকুরের নিকটে বলিতেছেন যে- শ্রীশ্যামানন্দ প্রভু শ্রীমতী রাধারাণী জীউর নিজ সহচরী। যথা-

কণকমঞ্জরী রাইর নিজ সহচরী।
তারেহ পরীক্ষা কর কি সংশয় করি।।

—শ্রীশ্রী শ্যামানন্দ প্রকাশ / চতুর্থ/৫৪

'শ্রীশ্রী বিন্দুপ্রকাশ' গ্রন্থে বর্ণিত হইয়াছে যে শ্রীমতী রাধারাণী জীউ শ্রীল হৃদয়চৈতন্য অধিকারী ঠাকুরকে বলিতেছেন যে— শ্রীশ্যামানন্দ প্রভু নিত্যসিদ্ধা শ্রীকণকমঞ্জরী। যথা—

ত্বচ্ছিষ্যোহয়ং নিত্যসিদ্ধরূপা কণকমঞ্জরী।
তল্ললাটে ময়া বিন্দুর্দত্তস্তদ্দূষণং নু কিম্।।

(অর্থাৎ- **তোমার শিষ্য এই শ্রীকৃষ্ণতনয় নিত্যসিদ্ধা শ্রীকণকমঞ্জরী,** তাঁহার ললাটে আমি বিন্দু প্রদান করিয়াছি, তাঁহার দোষ কী আছে?)

উপরোক্ত বিভিন্ন গ্রন্থের লেখকগণ তাঁহাদের রচিত গ্রন্থসমূহে শ্রীশ্যামানন্দ প্রভুর বহু মাধুর্য্যময়ী লীলার এবং তত্ত্বের বিশদ বর্ণনা করিলেও বস্তুতঃ শ্রীশ্যামানন্দ প্রভুর যে নিত্যস্বরূপ এবং অপ্রাকৃত, চিন্ময়, নিত্যধামে সেই স্বরূপস্থ তাঁহার যে অপ্রাকৃত চিন্ময় লীলা—সে বিষয়ে বিস্তারিতভাবে দিগ্‌দর্শন করান নাই। শ্রীচৈতন্যাবতার রসিকানন্দ প্রভু কিন্তু এই গ্রন্থে তাঁহার শ্রীগুরুদেব শ্রীশ্যামানন্দ প্রভুর স্বরূপ তত্ব এবং লীলা বৈচিত্র্যের যে চিত্র অঙ্কন করিয়াছেন তাহা সম্পূর্ণ অভিনব, অভূতপূর্ব্ব এবং অত্যন্ত আস্বাদনীয়।

প্রথমে তিনি শ্রীশ্যামানন্দ প্রভুর জগন্মঙ্গলকারী কৃপালুতা গুণের ভূরিভূরি প্রশংসাত্মক বিশ্লেষণ করিয়াছেন। শ্রীরসিকানন্দ প্রভু বর্ণনা করিয়াছেন—শ্রীশ্যামানন্দ প্রভু সাধুসেবার প্রবর্তনকারী, সৎ সম্প্রদায়ের প্রবর্ত্তক, ত্রিতাপদগ্ধ মনুষ্যবর্গের ত্রিতাপ নিবারণকারী, শ্রীকৃষ্ণপ্রেমরসাস্বাদনে-নিপুণ ভক্তগণের চূড়ামণি স্বরূপ, ব্রজগোপীগণের অতি গূঢ়ভাব প্রকাশক উজ্জ্বলমূর্তি, রাগানুগ ভক্তিসম্পদ প্রদানকারী সাক্ষাৎ কল্পবৃক্ষ সদৃশ।

শ্রীশ্যামানন্দ প্রভুর চরণারবিন্দের স্পর্শাধিকার লাভে ধরণীদেবী মহা আনন্দময়ী হইয়াছেন। পাষণ্ড, অধম, শৈব, শাক্ত, বৌদ্ধ-জৈনাদি দৈত্যশ্রেষ্ঠগণ এবং বিদ্বেষ মাৎসর্য্য-ক্রুরতা আদি মহাপরাক্রমশালী অবিদ্যাময় ভয়ঙ্কর বলবান ব্যাঘ্রের ব্যাপকতা ইঁহার নামবলেই স্তব্ধ হইয়া গিয়াছে। কলিযুগে কামিনী-কাঞ্চনাদি বিষয়রূপ অন্ধকার সংসার কূপে নিপতিত ব্যক্তিগণ, কেবলাদ্বৈতবাদীগণ, বৈশেষিক ও নৈয়ায়িকগণ, জরন্মীমাংসক প্রভাকর কুমারিল ভট্টানুগামীগণ, কপিলের সাংখ্যমতানুসারীগণ, শ্রীশ্যামানন্দ প্রভু-রূপ কাণ্ডারীর সংস্পর্শে আসিয়া নিষ্কাম প্রেমভক্তিতে আত্ম সমর্পিতচিত্ত হইয়া ভগবান শ্রীকৃষ্ণের লীলানন্দরসে নিমগ্ন হইয়াছেন।

শ্রীশ্যামানন্দ প্রভুর কৃপাবর্ষণে সংসারাসক্ত বিষয়ী জীবগণ গো-ব্রাহ্মণ-বৈষ্ণবসেবী, শ্রীকৃষ্ণ কথামৃতে লালসান্বিত এবং শ্রীকৃষ্ণ বিগ্রহের প্রেমসেবায় একান্তভাবে নিমগ্ন হইয়া মুক্তিকে তৃণতুল্য, ধর্ম-অর্থ-কাম-মোক্ষকে বমিত অন্নসদৃশ, অষ্টসিদ্ধিকে ইন্দ্রজালবৎ, দেবরাজ ইন্দ্র আদিকে কাঙ্গাল সদৃশ দর্শন করেন।

এই গ্রন্থে শ্রীশ্যামানন্দ প্রভুর অচিন্ত্যনীয় শ্রীকণকমঞ্জরী স্বরূপের যে বর্ণনা শ্রীরসিকানন্দ প্রভু করিয়াছেন- তাহা অত্যন্তই উপভোগ্য, আস্বাদনীয় এবং

স্মরণীয়। নিত্যলীলায় তিনি শ্রীকণকমঞ্জরী রূপে শ্রীমতী রাধারাণী জীউর অভীষ্টাসখী, ভগবান শ্রীকৃষ্ণের নিত্যপ্রিয়া, গোপীযূথের প্রধানা, মোহিনী, রাস-বিলাস পরায়ণা, রতি বৈচিত্রের নব্যসীমা, প্রেমানন্দদায়িনী, রসময়ী, শৃঙ্গাররস প্রকটকারিণী রূপে শ্রীবৃন্দাবনের যোগপীঠে যমুনা তটবর্ত্তী কদম্বকানন মধ্যে কল্পতরুর মূলে চিন্তামণিময় রত্নসিংহাসনে ধূসর পুষ্পরেণু দ্বারা সুশোভিত হইয়া শ্রীশ্যামসুন্দরের সহিত বিরাজমানা।

নবতারুণ্যের মাধুরী দ্বারা শোভিত এই কিশোরীর অঙ্গদ্যুতি তড়িৎ, কেতকী, সুবর্ণ, উৎকৃষ্ট গোরচনা, চম্পকপুষ্প এবং হরিতাল পঙ্কের শোভাকেও নিন্দীত করিতেছে। ভ্রমর, অঞ্জন, মেঘ, অন্ধকার এবং বিকশিত নীলপদ্মের সংমিশ্রণে উদ্ভূত অতি মনোজ্ঞ বস্ত্র তিনি ধারণ করিয়াছেন। গহন, সুচিক্কণ, কুঞ্চিত, কৃষ্ণবর্ণের উচ্চশোভিত খোঁপায় পুষ্পমঞ্জরীর মধ্যে শ্রীকৃষ্ণার্পিত পিঞ্ছভূষণ উজ্জ্বলীকৃত রহিয়াছে। কন্দর্পতরঙ্গতুল্য মধুর জ্যোতিতে তাঁহার মুখমণ্ডল উদ্ভাসিত। তাঁহার চন্দ্রতুল্য ললাট সুন্দর সিন্দুরবিন্দু দ্বারা অলঙ্কৃত। প্রফুল্ল মুখকমল চঞ্চল অলকাবলীরূপ ভৃঙ্গসমূহ দ্বারা মনোরম। কামদেবের ধনুর পরাক্রম-গর্বের বিনাশকারী হইল ইঁহার ভ্রূলতার দ্যুতি। মদনের মদে অলস মোহিনীদৃষ্টি তিনি শ্রীশ্যামসুন্দরের প্রতি বিকীরণ করিতেছেন। তাঁহার লোচনকমলের শোভা ক্রীড়াশীল খঞ্জন যুগলের শোভাকেও ধিক্কার প্রদান করিতেছে। তাঁহার কটাক্ষ পরম্পরা হইল কামদেবের পুষ্পবাণের বিপক্ষের যোদ্ধা স্বরূপ। কজ্জ্বল দ্বারা শোভিত চঞ্চল, উজ্জ্বল সম্ভাষনাদি রূপ চাতুর্য্যরাশি দ্বারা স্ফূর্ত্তিপ্রাপ্ত লোচনযুগলের শোভারূপ নবসুধা দ্বারা তিনি প্রিয়তম শ্রীশ্যামসুন্দরকে উন্মত্ত করিতেছেন।

তাঁহার বামনাসাগ্র কমনীয় সুবর্ণসূত্র দ্বারা গ্রথিত মুক্তা দ্বারা শোভিত এবং অধর শ্রেষ্ঠ বন্ধুকপুষ্পের ন্যায় জ্যোতির্ময় এবং সুরম্য। তিনি মুক্তারাজির ন্যায় শোভিত দশদিক আলোকিতকারী দশনসমূহের দ্বারা মৃদুমৃদু হাস্য করিতেছেন। তাঁহার শ্রবণযুগলে কুণ্ডলযুগল এবং শ্রীকৃষ্ণার্পিত মাধবীপুষ্পগুচ্ছ দোদুল্যমান। ভ্রমরের তুল্য আভাযুক্ত অত্যুজ্জ্বল শ্যামবর্ণ বিন্দু তিনি চিবুকে ধারণ করিয়াছেন। নবরত্নের দ্বারা যত্নপূর্ব্বক নির্ম্মিত কণ্ঠভূষণে তিনি শোভিত এবং কস্তুরী, কর্পূর, কুঙ্কুম ও চন্দন দ্বারা তাঁহার শ্রীঅঙ্গ লিপ্ত রহিয়াছে। তাঁহার ভুজযুগল রত্নজড়িত কেয়ুরের দ্বারা এবং শ্রীহস্ত

ইন্দ্রনীলমণিখচিত রত্নবলয়সমূহ দ্বারা শোভিত। তাঁহার লোহিত অঙ্গুলিপল্লব মনোজ্ঞ অঙ্গুরিয়কের মণিসমূহ দ্বারা দীপ্তিমান এবং মদনশর অপেক্ষা মনোরম নখসমূহের দ্বারা তাঁহার অঙ্গুলি শোভিত রহিয়াছে। শ্রীকৃষ্ণের শ্রীহস্তচিত্রিত মনোহর মৃগনাভিনির্মিত পত্রাবলী তিনি মুক্তাহার বিলসিত স্থূল স্তন যুগলে এবং শ্রীকৃষ্ণার্পিত প্রফুল্ল নীলপদ্মের মালা কণ্ঠদেশে ধারণ করিয়াছেন। শ্রীশ্যামসুন্দরের নেত্রের ক্রীড়াস্থলী তাঁহার সাধু রোমাবলী কালিন্দীরূপে বিরাজমান এবং প্রথম তারুণ্যের সাগরে মিলিত কৈশোরনদীর তরঙ্গতুল্য ত্রিবলীলতা তাঁহার উদরদেশে শোভিত। তাঁহার কটিদেশ মনোজ্ঞ ও কৃশ এবং স্থূলতর নিতম্বে মেখলা শোভিত। তাঁহার উরুযুগলের শোভায় স্বর্ণকদলীর উৎকর্ষতাও নিন্দীত এবং অলক্তকরাগে রঞ্জিত পাদপদ্মের শোভার নিকটে নব বিকশিত স্থলপদ্ম, কুঙ্কুম এবং জবা আদির সৌন্দর্য্যও পরাস্ত। নূপুরের শব্দে মনোহর গমনভঙ্গিমার দ্বারা তিনি শ্রীশ্যামসুন্দরকে বিস্মিত করিতেছেন এবং চরণনখাগ্রভাগের দ্যুতি অসংখ্য চন্দ্রের শোভাকেও তিরস্কৃত করিতেছে। মাধবীলতার 'বাসন্তী' কেলিকুঞ্জে তাঁহার নিবাস এবং ইনি শ্রীশ্যামসুন্দরের নেত্রানন্দদায়িনী, শৃঙ্গার রসামৃতের দীর্ঘিকা, শ্যামবর্ণ শ্রীশ্যামসুন্দরের শ্রীগৌরবর্ণ বক্ষোভূষণ স্বরূপা, নিকুঞ্জরাজের প্রণয়িনী, রাসসম্রাজ্ঞী। রাস মহোৎসবে তিন গ্রাম, সপ্ত সর, একুশ মূর্চ্ছনার উত্থাপনজনিত ঊনপঞ্চাশ তান সমন্বিত সঙ্গীতের দ্বারা শ্রীশ্যামসুন্দরকে তিনি কখনও মুগ্ধচিত্ত করিতেছেন, কখনও বা তাঁহার সহিত অত্যুত্তম নৃত্যলীলায় মগ্ন হইতেছেন। রাগমার্গের মধুর ভাবের ভজনে শ্রীগুরুদেবের শ্রীশ্যামসুন্দর জীউর প্রিয়ারূপে যে অদ্ভুত লীলা বৈচিত্র, তাহা শ্রীরসিকানন্দ প্রভু অত্যন্ত চমৎকারজনক ভাবে এইরূপে বর্ণনা করিয়াছেন।

আলোচ্য গ্রন্থে শ্রীরসিকানন্দ প্রভু যুগল শ্রীরাধাশ্যামসুন্দর জীউর যে উদ্দাম রাসনৃত্য-লীলার বর্ণনা করিয়াছেন তাহাও অত্যন্ত আস্বাদনীয়। শ্রীযমুনার পুলিনস্থিত বনমধ্যে শ্রীললিতাদি সখীগণ কর্ত্তৃক পরিবেষ্টিত শ্রীরাধাশ্যামসুন্দরকে শ্রীকণকমঞ্জরী বীণাযন্ত্রের বাদ্যের সহযোগে উল্লাসময় মহাতাণ্ডব নৃত্য করাইতেছেন। শ্রীশ্যামসুন্দর জীউর ইচ্ছায় জগতের প্রতি কৃপাপূর্ব্বক তাঁহার সেই প্রণয়িনীই মৃত্যুলোকে শ্রীশ্যামানন্দ রূপে অবতীর্ণ হইয়াছেন।

শ্রীরসিকানন্দ প্রভু শ্রীবৃন্দাবন-শ্রীযমুনা-কল্পতরু-সমীরণ-নিকুঞ্জ-শ্রীবৃন্দাবনের অলৌকিকত্ব- শ্রীবৃন্দাবনের অধীশ্বর শ্রীশ্যামসুন্দর জীউ-শ্রীশ্যামসুন্দর জীউর চতুর্ধা মাধুরী- শ্রীমদ্ রাসরসিক নবঘনশ্যাম পীতাম্বর বনমালী-শিখিপুঞ্ছচূড়-শ্রীবদনমণ্ডল- মধুরবাণী ও বাহুযুগল-বক্ষঃস্থল-উদর-নাভি- কটিদেশ-উরু ও শ্রীচরণ- শ্রীচরণের চিহ্নসমূহ প্রভৃতির যে অলৌকিক বর্ণনা এই গ্রন্থে করিয়াছেন- তাহাও নিশ্চিতরূপে শ্রীযুগলোপাসক ভক্তগণের রাগানুগা ভজনের নিগূঢ় ধ্যানের কাম্যবস্তু।

শ্রীশ্যামানন্দ প্রভুর ধ্যানে শ্রীবৃন্দাবনের শ্রীযমুনার তীরে ভ্রমরগুঞ্জনে মুখরিত নব প্রস্ফুটিত মাধবীর কুঞ্জে অশোকপুষ্প দ্বারা রচিত সুকোমল কুসুমশয্যায় শায়িত শৃঙ্গার রসময় যুগল শ্রীরাধাশ্যামসুন্দর জীউর যে নিকুঞ্জ বিলাসের চিত্র শ্রীরসিকানন্দ প্রভু অঙ্কন করিয়াছেন— অষ্টকালীন যুগললীলা স্মরণকারী সাধকগণের তাহা নিশ্চিতরূপে স্মরণের অননুভূত উৎকৃষ্ট সামগ্রী।

শ্রীরাধাশ্যামসুন্দর জীউর চিন্ময় লীলাসমূহের স্মরণকারী শ্রীশ্যামানন্দ প্রভু তাঁহাদের অসমোর্দ্ধ লীলাবৈচিত্রের কারণে কখনও ভাবস্তম্ভ লাভ করিতেছেন, কখনও বা স্বেদজলে নিষিক্ত হইতেছেন, কখনও পুলকিত হইতেছেন তো কখনও কম্পিত হইতেছেন। কখনও প্রণয় সহকারে গদগদবাক্ হইয়া উঠিতেছেন তো কখনও বা বৈবর্ণ্য ধারণ করিতেছেন। কখনও আনন্দাতিশয্যে অশ্রু বর্ষণ করিতেছেন তো কখনও বা মূর্ছাগ্রস্ত হইতেছেন। কখনও কখনও আবার শ্রীরাধাশ্যামসুন্দর জীউর মধুরাতিমধুর রাসলীলা কীর্ত্তিত হইলে যুগপৎ অষ্টসাত্ত্বিক দিব্য ভাবসমূহকে শ্রীঅঙ্গে ধারণ করিতেছেন। সেই সুদীপ্ত মহাপ্রেমময় শ্রীকৃষ্ণপ্রণয়-দাতা শ্রীশ্যামানন্দ প্রভুর শ্রীচরণে শ্রীরসিকানন্দ প্রভু বারম্বার প্রণাম জানাইতেছেন।

শ্রীশ্যামানন্দ প্রভু যে বাস্তবে শ্রীকণকমঞ্জরী রূপে ভগবান শ্রীশ্যামসুন্দর জীউর নিত্যপ্রেয়সী, কোনও কোনও চরিতলেখক তাহার ইঙ্গিত করিলেও ইতিপূর্বে এত বিস্তারিতভাবে কেহই তাহা বর্ণনা করেন নাই। শ্রীচৈতন্যাবতার রসিকানন্দ প্রভু কিন্তু তাঁহার শ্রীগুরুদেব শ্রীশ্যামানন্দ প্রভুর নিত্যলীলায় শ্রীশ্যামসুন্দর জীউর প্রেয়সীরূপে নিত্য স্থিতি, শ্রীশ্যামসুন্দর জীউর সহিত তাঁহার নিত্য লীলাবিলাস, শ্রীকণকমঞ্জরীর দিব্য স্বরূপের বর্ণনা, শ্রীরাধাশ্যামসুন্দর জীউর যুগল লীলাবিলাসে তাঁহার সেবাসৌষ্ঠব আদি

বিস্তারিতভাবে পুঙ্খানুপুঙ্খ অতীব দক্ষতা এবং কুশলতার সহিত পরিবেশন করিয়াছেন, যাহা শ্রীযুগলোপাসক সাধক মাত্রেরই অত্যন্ত আদরের বস্তু। শ্রীরসিকানন্দ প্রভু ইহাও স্পষ্টরূপে নির্দেশ করিয়াছেন যে গোপীপ্রেম প্রাপ্ত করিয়া শ্রীযুগলসেবা প্রাপ্তির নিমিত্ত শ্রীশ্যামানন্দ প্রভু নিশ্চিতরূপেই সর্বসেব্য।

শ্রীরসিকানন্দ প্রভু বিরচিত তাঁহার শ্রীগুরুদেব নিত্যশ্রীকৃষ্ণপ্রেয়সী শ্রীশ্যামানন্দ প্রভু বিষয়ক একশত শ্লোকযুক্ত এই গ্রন্থটি বাহ্যিক আকারে অত্যন্ত ক্ষুদ্রাকৃতি হইলেও ভাষামাধুর্য্যে, লীলাসৌষ্ঠব পরিবেশনে, অন্তর্নিহিত ভাব মাধুর্য্যে, প্রকাশ ভঙ্গিমায়, চিন্তন উৎকর্ষতায়, ভাব গাম্ভীর্য্যে, সর্বোপরি নিগূঢ় তত্ত্ব প্রকাশে অদ্বিতীয় এবং সকলেরই মহানন্দপ্রদ এই বিষয়ে কোন সন্দেহ নাই।

এই বিশিষ্ট গ্রন্থের টীকা জগদ্বরেণ্য গৌড়ীয় বেদান্তাচার্য্য, শ্রীশ্রী গোবিন্দ ভাষ্যকার, অচিন্ত্য ভেদাভেদ তত্ত্ববেত্তা, শ্রীশ্যামানন্দী বৈষ্ণব চূড়ামণি শ্রীল বলদেব বিদ্যাভূষণপাদ রচনা করিয়াছেন এবং তাঁহার স্বহস্ত লিখিত সেই পাণ্ডুলিপির কিয়দংশও এই গ্রন্থে সংযোজিত হইল। শ্রীগুরু পরম্পরানুসারে শ্রীল বলদেব বিদ্যাভূষণপাদ হইতেছেন শ্রীশ্যামানন্দ প্রভুর পঞ্চম অধঃস্তন এবং শ্রীরসিকানন্দ প্রভুর চতুর্থ অধঃস্তন।

পরম উপাদেয় এই গ্রন্থের প্রথম সংস্করণ মহান বৈষ্ণবাচার্য্য শ্রীমৎ হরিদাস দাস বাবাজী মহারাজ পূর্ব্বে প্রকাশ করিয়াছিলেন। পরবর্তীকালে সংশোধিত দ্বিতীয় সংস্করণ মদীয় শ্রীগুরুদেব এবং পিতৃদেব শ্রীশ্যামানন্দী পঞ্চদশ গাদীশ্বর মহান্ত শ্রীগোপালগোবিন্দানন্দ দেব গোস্বামী প্রভুপাদ শ্রীকৃষ্ণচৈতন্য মহাপ্রভুর পঞ্চশত বর্ষ পূর্ত্তি স্মরণে প্রকাশ করিয়াছিলেন। শ্রীরাধাশ্যামসুন্দর জীউর অহৈতুকী করুণায় এবং শ্রীশ্যামানন্দ প্রভু ও শ্রীরসিকানন্দ প্রভুর অশেষ কৃপাবলে বর্ত্তমানে এই স্ব-প্রকাশ গ্রন্থের পরিমার্জিত তৃতীয় সংস্করণ প্রকাশিত হইল। আশা করি এই সুদুর্লভ গ্রন্থকে পাঠ করিয়া অনুশীলনপূর্বক বৈষ্ণব ভক্তগণ তাঁহাদের অভিলষিত যুগল শ্রীরাধাশ্যামসুন্দর জীউর শ্রীচরণারবিন্দে রতিমতি প্রাপ্ত হইয়া শ্রীরাধাশ্যামসুন্দর জীউর মধুরাতিমধুর নিকুঞ্জলীলায় নিজ স্বরূপকে স্ফূর্ত্তিপ্রাপ্ত করাইতে সক্ষম হইবেন।

বিনয়াবনত—শ্রীকৃষ্ণগোপালানন্দ দেব গোস্বামী প্রভুপাদ

উচ্ছসিত প্রশংসা

(শ্রীশ্রী কৃষ্ণচৈতন্য মহাপ্রভু প্রবর্ত্তিত শ্রীশ্রী গৌড়ীয় সম্প্রদায়ের লুপ্তপ্রায় ৬৭টি "শ্রীশ্রী গৌড়ীয় গৌরব গ্রন্থগুচ্ছ" ও 'শ্রীশ্রী গৌড়ীয় বৈষ্ণব অভিধান' প্রকাশক বৈষ্ণবাচার্য্য শ্রীমৎ হরিদাস দাস মহারাজ লিখিত।)

"শ্রীকৃষ্ণচৈতন্য মহাপ্রভুর পরে যাঁহারা গৌড়ীয় বৈষ্ণব-ধর্ম্মের সুপ্রচার ও সংরক্ষণ করিয়াছেন—তাঁহাদের মধ্যে অগ্রণী শ্রী শ্রীনিবাস আচার্য্য, শ্রীল নরোত্তম ঠাকুর মহাশয় এবং শ্রীশ্যামানন্দ প্রভুকেই বলিতে হয়। সর্ব উপযুক্ত বিবেচনা করিয়া শ্রীল জীব গোস্বামীপাদ শ্রীনিবাসকে আচার্য্য শ্রীল নরোত্তমকে ঠাকুর এবং শ্রীশ্যামানন্দকে প্রভু উপাধি দ্বারা ভূষিত করিয়া শ্রীধাম বৃন্দাবন হইতে জীবোদ্ধারের নিমিত্ত প্রেরণ করেন। শ্রীশ্রী শ্যামানন্দ প্রকাশ, শ্রীশ্রী শ্যামানন্দ রসার্ণব, শ্রীশ্রী শ্যামানন্দ রসনিধি, শ্রীশ্রী রসিকমঙ্গল, শ্রীশ্রী প্রেমবিলাস, শ্রীশ্রী ভক্তিরত্নাকর এবং অন্যান্য বহু গ্রন্থে ইঁহাদের ইতিবৃত্ত বিস্তারিতভাবে আলোচিত হইয়াছে।

শ্রীচৈতন্যাবতার রসিকানন্দ প্রভু কিন্তু যেভাবে শ্রীশ্যামানন্দ প্রভুকে দেখিয়াছেন, আস্বাদন এবং অনুভব করিয়াছেন—তাহা সম্পূর্ণ অপূর্ব্ব ও পৃথক্। তিনি স্বীয় শ্রীগুরুদেবকে যেভাবে জগতের সমক্ষে উপস্থাপিত করিয়াছেন—তাহাই গৌড়ীয় বৈষ্ণব সমাজের হার্দ বস্তু। শ্রীগুরুদেব তত্ত্বতঃ শ্রীকৃষ্ণাভিন্ন হইয়াও লীলায় যে শ্রীকৃষ্ণ-প্রেষ্ঠ, তাহা পূর্ব্বাচার্য্যগণ ইঙ্গিত করিলেও ইতঃপূর্বে তাহা কেহ পুঙ্খানুপুঙ্খ বিশ্লেষণ করিয়া দেখান নাই। আলোচ্য গ্রন্থে ইনি স্বীয় ইষ্টদেবকে শ্রীকৃষ্ণের মর্মবিজ্ঞা সেবাপরায়ণা সখীরূপে অতি স্ফুটতরভাবে দেখাইয়াছেন।

প্রথমতঃ গ্রন্থকার (১-২৪) শ্লোকে শ্রীশ্যামানন্দ প্রভুর নিখিল কল্যাণময় গুণগরিমারাজির যথেষ্ট পরিবেশন করিয়া (১-২৪) শ্লোকে তিনিই যে সর্বসেব্য তাহার বিবৃতি দিয়াছেন। তৎপরে (২৫) শ্লোকে তাঁহাকে শৃঙ্গাররসময় বিগ্রহধারী, শ্রীরাধার ভাবহাবাদির অনুভবী,

শ্রীগোপীজনবল্লভের কামকলা-বিস্তারক এবং নিরবধি ভাবকদম্বে উজ্জ্বলীকৃত বলিয়া বর্ণনা করিয়াছেন। (২৭-৫৪) শ্লোকে শ্রীমন্নন্দনন্দনের নিত্যপ্রেয়সীরূপ পরিকরই যে তৎকর্ত্তৃক আদিষ্ট হইয়া কলিহত জন-গণের উদ্ধারকল্পে শ্রীশ্যামানন্দস্বরূপে অবতীর্ণ হইয়াছেন—ইহাই বিশেষ ভাবে আলোচিত ও আস্বাদিত হইয়াছে। প্রসঙ্গক্রমে ইঁহার সখীদেহের বিস্তারিত বর্ণনা, প্রচুরতর সেবাসৌষ্ঠব এবং রাসলাস্যাদি পুঙ্খানুপুঙ্খরূপে বর্ণিত হইয়াছে। (৫৫-৬৪) শ্লোকে শ্রীবৃন্দাবনের সৌন্দর্য্যমাধুর্য্যময় প্রতিটি বস্তুর মহামহিমা মুক্তকণ্ঠে গাহিয়া গাহিয়া গ্রন্থকার (৬৫-৭৭) শ্লোকে শ্রীবৃন্দাবন চন্দ্রমার মাধুর্য্যভাবে ভজনোপদেশ করাইয়া শ্রীশ্যামানন্দের শ্রীচরণেই শ্রীকৃষ্ণ রতি ভিক্ষা করিতেছেন।

অনন্তর (৭৮-৯৩) শ্লোকে গ্রন্থকার শ্রীশ্যামানন্দ প্রভুর ধ্যানাবস্থিত স্বরূপের যাহা বিবৃতি দিয়াছেন—তাহা অননুভূতপূর্ব ও মহা উপভোগ্য। তিনি দেখিতেছেন—কালিন্দীতটে বাসন্তীকুঞ্জে অশোকপুষ্প-বিরচিত সুকোমল শয্যায় মহাসুখে বিরাজিত শ্রীযুগলকিশোর—ঐ নবনাগরদ্বয় মূর্ত্তিমান্ শৃঙ্গাররস এবং সর্বশোভাসমৃদ্ধির সাগর। উভয়েই সাত্ত্বিকাদি ভাবভূষণে মণ্ডিত-কলেবর, অনঙ্গরঙ্গে বিভোর, প্রেমান্ধ, রতিলম্পট, নবনব ক্রীড়াকলায় সংসক্তচিত্ত এবং সুরত সংগ্রামে মহাব্যাপৃত। উভয়ের দেহ হইতে হার, পুষ্পমাল্যাদি বিচ্যুত হইতেছে—নিরন্তর স্বেদপ্রবাহ ছুটিতেছে—তিলকাদি সব ধৌত হইতেছে। রতি-যুদ্ধে উভয়েই পরিশ্রান্ত হইলেও কিন্তু তৃষ্ণাতিশয্য বৃদ্ধিই হইতেছে—রমণেচ্ছার বিরতি নাই!! অতি সম্ভোগে উভয়েই উভয়ের ক্রোড়ে মূর্চ্ছিত হইয়াছেন!! তৎকালীন উভয়ের বদনেরই বা কি বিচিত্র শোভা!! আনন্দ-মূর্চ্ছাভঙ্গের পরে পুনরায় সম্ভোগ, তাম্বুলভোজন, নর্মালাপ, পরিরম্ভণাদির বিবৃতি, পরস্পরের দেহে রতিচিহ্নের বিশেষ অভিব্যক্তি হইতেছে, যুগলের মাধুরী-সন্দর্শন, বিভক্ত হইয়াও পুনঃ স্পর্শলাভের জন্য সাতিশয় ব্যগ্রতা ও পুনঃ সম্ভোগাতিরেক—রতিচিহ্নরাজির পরিস্ফুট বিকাশ প্রভৃতি ধ্যান করিতে করিতে রসময়

শ্রীশ্যামানন্দ প্রভু সকলের মঙ্গল-বিধানকারী হইতেছেন। পাশাখেলায়, কুসুমসমরে এবং জলকেলিতে শ্রীযুগলকিশোরের ভাব বৈচিত্র্যাদি আস্বাদনে ইঁহার স্তম্ভ, স্বেদ ও কম্পাদি উদিত হয়। তাঁহাদের নামকীর্ত্তনে স্বরভঙ্গ, বিরহ শ্রবণে বৈবর্ণ্য, শ্রীরাধাকৃষ্ণ-সঙ্গীতে প্রেমাশ্রু এবং রাসোৎসব-ক্রীড়া শ্রবণকালে যুগপৎ অষ্টসাত্ত্বিক ভাব উদিত হইয়া থাকে।

বস্তুতঃ শ্রীরসিকানন্দ প্রভু এ গ্রন্থে শ্রীগুরুকৃপালব্ধ শ্রীগুরু স্বরূপের যে দিগ্‌দর্শন করিয়াছেন—ইহাই শ্রীশ্রী রাধাশ্যামসুন্দর যুগলোপাসনার মূর্ত্ত আদর্শ ও পরিপূর্ণ স্বরূপ। যুগলোপাসকগণ শ্রীশ্যামানন্দ প্রভুর ধ্যানোদ্দিষ্ট স্বরূপের এই মনোমোহন চিত্রটিকে বক্ষে ধরিয়া যে পরমা ভক্তি লাভ করিবেন—এ বিষয়ে স্বয়ং গ্রন্থকারও অন্তিম (১০১) শ্লোকে ইঙ্গিত দিয়াছেন।

এই পুস্তিকা ক্ষুদ্রাকৃতি হইলেও কিন্তু বস্তু-বৈভবে, ভাব-গৌরবে, ভাষা-লালিত্যে এবং সর্বোপরি প্রগাঢ় অন্তর্দৃষ্টিময়ী বর্ণনাচ্ছটায় সকলেরই মনোমদ ও তৃপ্তিপ্রদ হইবেন।

বিশেষতঃ শ্রীমদ্ বলদেব বিদ্যাভূষণপাদের যথেষ্ট পরিবেশণে, শ্রীরসিকানন্দ প্রভুর উপভোগ্য বস্তুর ফেলালব আস্বাদন পূর্বক শ্রীশ্যামানন্দ চরণানুরাগী গৌড়ীয় বৈষ্ণবমাত্রই যে ইহাতে অপূর্ব আনন্দ-উন্মাদনা পাইবেন এবং ইঁহাকে হৃদয়ের নিধি করিয়া রাখিবেন—এবিষয়ে আমার অণুমাত্রও সন্দেহ নাই।

এই গ্রন্থ শ্রীবৃন্দাবনে পাথরপুরার কর্মকাণ্ড-জ্যোতিষভবনে প্রাপ্ত হইয়াছিলাম। একখানা পুঁথি সটীক ও বিশুদ্ধ; দ্বিতীয় খানায় টীকা না থাকিলেও প্রায়শঃ নির্ভুল।

—শ্রীগৌরাঙ্গাব্দঃ ৪৫৮ —দীন আশ্রব শ্রীহরিদাস দাস

শ্রীশ্রী গোবিন্দ-ভাষ্যকার শ্রীল বলদেব বিদ্যাভূষণপাদের স্বহস্ত লিখিত প্রায় তিনশত বৎসরের প্রাচীন "শ্রীশ্রী শ্যামানন্দ শতকম্" পুঁথির লিপিতে তদীয় স্বগুরু পরম্পরা— " আনন্দয়তি শ্যামাং " ইত্যাদি লিখিত রহিয়াছে।

—শ্রীশ্রী শ্যামানন্দ শতক টিপ্পনী আরম্ভ —



শ্রীশ্রী রাধাশ্যামসুন্দর দেবৌ জয়তঃ

শ্রীশ্রী শ্যামানন্দ শতকম্

শ্রীশ্রী শ্যামানন্দ দেবো জয়তি।

সান্দ্রানন্দনিধিঃ প্রসাদ-জলধি স্ত্রৈলোক্য-শোভানিধিঃ
পূর্ণপ্রেমরসামৃতাশ্রয়নিধিঃ সৌভাগ্য-লক্ষ্মীনিধিঃ।
সন্তপ্তৈকমহানিধি র্দ্রবনিধিঃ কারুণ্যলীলানিধিঃ
শ্যামানন্দ-কলানিধি র্বিজয়তে মাধুর্য্যসম্পন্নিধিঃ।।১।।

শ্রীমদ্ বলদেব বিদ্যাভূষণপাদ কৃতা টিপ্পনী

ওঁ নমঃ শ্রীহরয়ে বিঘ্নচ্ছিদে শ্রীশ্রীগোবিন্দায় নমঃ।
আনন্দয়তি শ্যামাং রসিকান্নয়নানি চ স্বধামনি যঃ।
বিস্মাপক-দামোদর-লীলোঽবতু নঃ স গোবিন্দঃ।।১।।
বন্দে শ্যামানন্দে নিহিত-মতীন্ বৈষ্ণবানহং শশ্বৎ।
মন্দোঽপি যৎকরুণয়া শতকং বিবৃণোমি তস্যৈতৎ।।২।।
অর্থা ভবন্ত্যপারাঃ শতকে যদ্যপি মহাদ্যুতেস্তস্য।
ব্যাখ্যা তথাপি বিমিতা ক্রিয়তে গৌরব-ভয়াত্তস্মিন্।।৩।।

অথ শ্রীমান্ রসিকানন্দো মহত্তমঃ কবিঃ কবিপণ্ডিতবৃন্দবন্দ্যঃ শ্রীমদ্ গুরুপাদাব্জৈকতানমনা—স্তদগুনুগ্রহনির্ভর-পরিজ্ঞাতস্তৎস্বরূপ-স্তদ্গুণরূপ-প্রকাশকং পদ্যশতকং নির্মিমিৎসু স্তদ্গুণনির্দেশপূর্বকং তদ্বিজয়ং মঙ্গলমাচরতি—সান্দ্রেতি। শ্যামানন্দঃ কলানিধিরিব বিজয়তে স্বোৎকর্ষমাবিষ্করোতু।

যিনি সাধুসেবা, সৎসম্প্রদায় প্রবর্ত্তন ও প্রচারজনিত নিবিড় আনন্দের সৎপাত্র, সদাচারজনিত নির্ম্মলতার আস্পদ, ত্রিভুবনস্থ সর্ব্বশোভার নিধান, পূর্ণপ্রেমরসামৃতের অবিনাশী আশ্রয়, সৌভাগ্যশ্রীর সম্ভাজন, ত্রিতাপতপ্ত জনবর্গের তাপশমন মহাসমুদ্র (স্বীয় ইষ্টদেবে অনুরাগ সঞ্চার দ্বারা) কঠিন চিত্তের দ্রব-কারক, নির্হেতুক পরদুঃখনাশে করুণার নিলয় ও মধুররস সম্পত্তির আকর, এই নবনিধি বিশিষ্ট শ্রীশ্যামানন্দ কলানিধি—চন্দ্রদেব জয়লাভ করুন।।১।।

ক' শ্রীপাট গোপীবল্লভপুরস্থিত প্রাচীন হস্তলিপিঃ।
খ' শ্রীধাম নবদ্বীপস্থ দেবনাগরাক্ষর প্রাচীন হস্তলিপিঃ।

ধর্ম্মবাচকয়ো র্লোপে লুপ্তোপমেয়ম্। যদাহ ভরতঃ (১০/৩)—'এতদ্দ্বিলোপে ক্বিপ্ সমাসগেতি'। এতয়োর্দ্বয়ো র্ধর্মবাচকয়ো র্লোপে ক্বিব্গা সমাসগা চেতি তদর্থঃ। 'উপমিতং ব্যাঘ্রাদিভিঃ সামান্যাপ্রয়োগে' ইতি সূত্রাৎ সমাসঃ। ন চেদং রূপকমেবাস্তু—তত্র সতি কলানিধিত্বস্য প্রাধান্যাৎ সান্দ্রানন্দাদীনাং শ্যামানন্দে সম্বন্ধানুপপত্তেঃ।

কীদৃশঃ স ইত্যপেক্ষায়াং বিশেষণানি সান্দ্রেত্যাদীনি। সান্দ্রানাং নিবিড়ানাং সৎসেবা-সৎসম্প্রদায়-প্রচারজাতানামানন্দানাং নিধিরাশ্রয়ঃ। নিধীয়তেঽস্মিন্নি-ত্যধিকরণেঽর্থে নি-পূর্বাদ্ধাধাতোঃ কি-প্রত্যয়ঃ। প্রসাদজলধিঃ— প্রসাদঃ প্রসন্নতা সদাচারজনিতা স্বচ্ছতা তস্য জলধিঃ সিন্দুরাশ্রয় ইত্যর্থঃ। ত্রৈলোক্যেতি—একাবয়বস্থস্য মহানর্ঘ্যমণিরিবৈকদেশস্থোঽপি ত্রিলোকী-শোভাকর ইত্যর্থঃ। পূর্ণেতি—পূর্ণং কৃৎস্নং যৎ প্রেমরসামৃতং স্বেষ্টবিষয়ক-প্রেম পীযুষং তস্যাক্ষয়নিধির-বিনাশ্যাশ্রয়ঃ। সৌভাগ্যলক্ষ্মী নিখিললোকলব্ধাদর-সম্পৎ, তস্যা নিধিঃ সৎপাত্রভূতঃ। সন্তপ্তানাং তাপ-ত্রয়গ্রস্তানামেকো মহানিধি স্তত্তাপনির্হারী সিন্ধুরিতার্থঃ। তত্তাপনির্হরণং কথং করোতীত্যপেক্ষায়াং দ্রবনিধি-রিতি। দ্রব শ্চিত্তদ্রুতিঃ স্বেষ্টানুরাগাত্মকঃ তস্য নিধিরিতি তৎপ্রদানেন তন্নির্হরণমিত্যর্থঃ। কুত এবং করোতীত্যপেক্ষায়াং কারুণ্যেতি। নির্হেতুক পরদুঃখপ্রহাণেচ্ছোদয়া কারুণ্যলীলা তস্যা নিধিরিতি কারুণ্যাং তৎ করোতীত্যর্থঃ। দ্রবনিধিত্বে হেতুগর্ভং বিশেষণং—মাধুর্য্যেতি। স্বেষ্টনিষ্ঠঃ সৌন্দর্য্যাতিশয়ো মাধুর্য্যসম্পত্তস্যা নিধিরিতি তন্মাধুর্য্যানুভব-নিমিত্ত শ্চিত্তদ্রব ইত্যর্থঃ। অত্র নবভি র্বিশেষৈণে র্বিশেষ্যস্য পরিপোষাৎ পরিকরোঽলঙ্কারঃ। যদুক্তং—'বিশেষণৈ র্যৎসাকূতৈরুক্তিঃ পরিকরস্তু স' ইতি। উত্তমকাব্যমিদং গুরু বিষয়করতে ব্যঞ্জনাৎ। ন চ নিধিপদাবৃত্তেঃ কথিতপদত্বং শঙ্ক্যং, সান্দ্রানন্দাদ্ব্যাশ্রয়তায়া অবিশেষ-বোধকত্বেন তস্যা গুণত্বাৎ। অত্রান্তিমবিশেষণেন সমাপ্ত-পুনরাত্তত্বং বাক্যদূষণং ন মন্তব্যম্। তস্য সর্ব্বৈরস্বীকারাৎ। জয়দেবাদিভি শ্চন্দ্রালোকাদিষ্বনুদ্দেশাৎ। এবং পরত্র চ বোধ্যম্। জয়তিরত্র সর্বোৎকর্ষবচনঃ। সর্ব্বোৎকর্ষাশ্রয়ত্বাৎ স্বেতর-সর্বনমস্যত্বমাক্ষিপ্যতে। সর্ব্বান্তঃপাতাদ্ গ্রন্থ-কর্ত্তুশ্চ নমস্কারোঽত্র ব্যজ্যতে।

(১৭)

যং লোকা ভুবি কীর্ত্তয়ন্তি হৃদয়ানন্দস্য শিষ্যং প্রিয়ং
সাক্ষাচ্ছ্রীসুবলস্য যং ভগবতঃ প্রেষ্ঠানুশিষ্যং তথা।
স শ্রীমান্ রসিকেন্দ্র-মস্তকমণি শ্চিত্তে মমাহর্নিশং
শ্রীরাধাপ্রিয়-নর্ম্মমর্ম্মসু রুচিং সম্পাদয়ন্ ভাসতাম্।।২।।

দ্বাদশবার্ষিকেণ স্বারাধনেন তপসা প্রসন্না শ্রীরাধাদেবী তত্রাবির্ভূতা তদর্পিতনূপুরাঙ্কতিলকং নাম চ তস্মৈ দদাবিত্যৈতিহ্যাৎ শ্যামামানন্দয়তীতি তন্নাম-নিরুক্তিঃ। অগ্রিম-তন্নিরুক্তিস্তু নিরুক্ত্যলঙ্কারেণ বোধ্যা।।১।।

অথ স্বসম্প্রদায় পরম্পরাং ব্যঞ্জয়ন্ স্বচিত্তে স্বপ্রভোঃ স্ফূর্ত্তি-মাশাস্তে—যমিতি। লোকা যং শ্রীশ্যামানন্দং হৃদয়ানন্দস্য শ্রীভগবচ্চৈতন্যদেব-সেবাধিকারিতয়া গৌড়েঽতিপ্রসিদ্ধস্য প্রিয়ং শিষ্যং কীর্ত্তয়ন্তি। তথা সাক্ষাৎ শ্রীসুবলস্য ভগবৎপ্রেষ্ঠ-শ্রীগৌরীদাস-পণ্ডিতাখ্যয়া গৌড়ে প্রকটস্য প্রেষ্ঠানুশিষ্যং লোকা যং কীর্ত্তয়ন্তি। তৎপ্রিয়ত্বং তৎপ্রেষ্ঠত্বং চ বস্তুমহিম্নাভ্যুদিতং, তেন তদ্বর্গমুখ্যত্বং ব্যজ্যতে। স শ্রীমান্ শ্যামানন্দোঽহর্নিশং সর্ব্বদা মম রসিকমুরারের্মৎসমবাসনস্য চ চিত্তে ভাসতাং স্ফুরতু। কীদৃশ ইত্যাহ-রসিকেন্দ্র-ইতি। শ্রীকৃষ্ণভক্তিরসাস্বাদচুঞ্চুভিঃ স্বগণৈঃ শিরসা ধার্য্য ইত্যর্থঃ। কিং কুর্ব্বন্নিত্যাহ-শ্রীতি। শ্রীরাধায়াঃ প্রিয়াণি নর্ম্মাণি যাসু তাঃ তস্যাঃ প্রিয়-নর্মসখ্যস্তাসাং যানি মর্মাণ্যন্তর্বৃত্তয় স্তেষু রুচিমভিলাষং সম্পাদয়ন্ জনয়ন্নিতি স্বস্য তদ্ভাবোপাসকতা দর্শিতা।

এতদুক্তং ভবতি---শ্রীকৃষ্ণো নন্দসূনুঃ শ্রীকৃষ্ণচৈতন্যাখ্যয়া গৌড়েঽবততার। সুবলচন্দ্রো নাম তৎসখস্তেন সহাবির্বভূব গৌরীদাসনামা; স তচ্ছিষ্যঃ, তস্য হৃদয়ানন্দঃ, তস্য শ্যামানন্দঃ, তস্য রসিকমুরারিরিতি। গৌরীদাস-পণ্ডিতস্য সুবলত্বং শ্রীকৃষ্ণচৈতন্যস্য কৃষ্ণত্ব-নির্ণায়কেণ প্রমাণেন সিধ্যতি।

মহাজনবর্গ পৃথিবীতে যাঁহাকে শ্রীহৃদয়ানন্দের প্রিয়শিষ্য এবং সাক্ষাৎ শ্রীভগবানের সখা শ্রীসুবলের (শ্রীগৌরীদাস পণ্ডিতের) প্রিয়তম অনুশিষ্য বলিয়া থাকেন, সেই শ্রীকৃষ্ণভক্তিরসাস্বাদে নিপুণ ভক্তগণের মস্তকস্থিত চূড়ার মণি-স্বরূপ শ্রীমান্ শ্যামানন্দ দেব মদীয় চিত্তমধ্যে অহোরাত্র শ্রীরাধার প্রিয়নর্ম্ম সখীগণের হৃদয়ের সুরুচি সম্পাদনপূর্ব্বক দীপ্তিলাভ করুন।।২।।

শ্যামেনৈব রসেন যস্ত্রিজগতীমানন্দয়ত্যুল্লসন্
শ্যামানন্দ ইতীরয়ন্তি কবয়ো যং কার্ষ্ণরাজং ভুবি।
সংগুপ্ত-ব্রজসুন্দরেন্দ্র-রমণী-ভাব-প্রকাশোজ্জ্বলং
তং বন্দে জগতাং গুরুং সকরুণং শ্রীদূরিকানন্দনম্।।৩।।

তৎ প্রমাণঞ্চ—"আসন্ বর্ণাস্ত্রয়ো হ্যস্য গৃহ্ণতোঽনুযুগং তনূঃ। শুক্লো রক্ত-স্তথা পীত ইদানীং কৃষ্ণতাং গতঃ। কৃষ্ণবর্ণং ত্বিষাকৃষ্ণং সাঙ্গোপাঙ্গাস্ত্র-পার্ষদম্। যজ্ঞৈঃ সঙ্কীর্ত্তনপ্রায়ৈর্যজন্তি হি সুমেধসঃ" ইত্যেতৎ।।২।।

অথ তন্নাম্নোঽন্যার্থতাং দর্শয়ন্ তং প্রণমতি—শ্যামেনৈধেতি। 'এব' শব্দেন তস্য তদেকান্তিতা ব্যজ্যতে। যঃ শ্যামেনৈব শৃঙ্গারেণৈব রসেন স্বয়মুল্লসন্ প্রহৃষ্যন্ তেনৈবোপদিষ্টেন ত্রিজগতীং ত্রৈলোক্যবর্ত্তিনো জনানানন্দয়ত্যতোঽয়ং শ্যামানন্দ ইতীরয়ন্তি কথয়ন্তি যং কবয়ঃ তদনুভবিনো বিজ্ঞাঃ। 'শৃঙ্গারাদৌ বিষে বীর্য্যে গুণে রাগে দ্রবে রস' ইতি নানার্থবর্গঃ। ইহ শ্যামেনৈব রসেনেতি তদ্রসবিভাবানুভাবসাত্ত্বিক-সঞ্চারি-স্থায়িরূপঃ সাধারণীকৃতঃ পানকরস-ন্যায়েন স্ফুরিততত্তদ্-বিশেষোঽর্থো বিবক্ষিতঃ, তেন শ্রীনন্দসূনু-রাধিকা-তদ্ধাম-তৎ-প্রেম- রূপোঽর্থঃ সম্যক্-তদ্ভক্তহৃদ্-বিভাতো গম্যঃ। যং কীদৃশং—কার্ষ্ণরাজং বৈষ্ণবাচার্য্যম্। এতদেবাহ—সংগুপ্তেত্যাদি। সংগুপ্তো বেদগূঢ়ো যো ব্রজ-সুন্দরেন্দ্র-রমণীনাং ব্রজরাজসুতপ্রেয়সীনাং ভাবঃ প্রেমস্নেহাদিলক্ষণঃ স্থায়ী তস্য প্রকাশেন সঞ্চারেণোজ্জ্বলং দীপ্যমানম্। স্ফুটমন্যৎ। স্বপতীতরপুংমাত্রনেত্র- পথদূরবর্ত্তিত্বাদ্ দূরেতি তন্মাতুর্নামধেয়ম্। দূরৈব দূরিকা-তস্যা মহাপতিব্রতায়া নন্দনং পুত্রমিত্যর্থঃ। শৃঙ্গাররসো হি নন্দনন্দনদৈবত ইন্দ্রানীলমণিরিব শ্যামল ইতি রসশাস্ত্রে প্রসিদ্ধমতঃ শ্যামেনৈবেত্যুক্তম্। নিরুক্তিরত্রালঙ্কারঃ, যদুক্তং—'নিরুক্তি শ্চেদ্ ভবেন্নাম্নাং যোগাদন্যার্থকল্পনেতি'।।৩।।

শ্যাম অর্থাৎ উজ্জ্বল রসের দ্বারা যিনি উল্লসিত হইয়া ত্রিভুবনের আনন্দ সম্পাদন করিতেছেন, এই হেতু যে শ্রীকৃষ্ণভক্তশ্রেষ্ঠকে সুরিগণ শ্রীশ্যামানন্দ নামে অভিহিত করেন। শ্রীব্রজেন্দ্রনন্দনবরের রমণীগণের অতীব গূঢ়ভাব প্রকাশ বিষয়ে যিনি উজ্জ্বলমূর্ত্তি হইয়াছেন, সেই কৃপাবান জগদ্‌গুরু শ্রীদূরিকা-নন্দনকে বন্দনা করি।।৩।।

অথ আশীর্ব্বাদরূপ মঙ্গলাচরণম্—

চেতশ্চেদ্ বিরলপ্রচারমধুর - প্রেমামৃতাস্বাদনে
কামোমার্গণয়া বিনা যদি সুখাদ্ ভাবাখ্য-চিন্তামণৌ।
চেদ্ রাগানুগ-ভক্তিসম্পদি রুচিঃ সর্ব্বাত্মভাবাত্তদা
শ্যামানন্দ-সুপর্ব্ব-পাদপমিমং নিত্যং ভজধ্বং জনাঃ।।৪।।

।। ইতি চতুঃশ্লোকী।।

অথ কল্পতরুরিব দুর্লভোঽয়মস্মাকং ভাগ্যভরাদিহ ভূমণ্ডলে সুলভোঽভবৎ। যুষ্মৎ স্বস্ববাঞ্ছিতানি গৃহ্ণীতেতি দয়ালুতয়া উপদিশন্নাহ—চেতশ্চেদিতি। হে জনা ভবতাং চেতঃ চেদ্ যদি বিরল-প্রচারস্য মধুরপ্রেমামৃতস্য শৃঙ্গার জাতীয়-কৃষ্ণপ্রেমপীযূষস্যাস্বাদনেঽনুভবে লোভো বর্ত্ততে। ননু ভাবং বিনা প্রেমা কথং স্যাত্তত্রাহ—কাম ইতি। যদি ভাবাখ্যচিন্তামণৌ মার্গণয়া সাধানান্বেষণং বিনা সুখাদনায়াসেনৈব ভবতাং কামোঽভিলাষোঽস্তি। ননু শ্রবণাদি-সাধন-ভক্তিং বিনা কথং ভাবলাভঃ তত্রাহ—চেদ্ রাগেতি। রাগানুগায়াঃ ভক্তিসম্পদি চেদ্ ভবতাং রুচিরিচ্ছাস্তি—তদা শ্যামানন্দরূপং সুপর্ব্ব-পাদপং সুরতরুং নিত্যং সর্ব্বদা সর্বথা ভজধ্বং সেবধ্বম্। সর্বাত্মভাবাৎ কায়বাঙ্মনো-ব্যাপারাত্তং বিধায়েতি ল্যব্লোপে কর্ম্মণি পঞ্চমী (২।৩।২৮)। সিদ্ধানাং ব্রজবাসিনাং রাগাত্মিকা ভক্তিঃ, তদনুগামিনী সাধকানাং ভক্তিস্তু রাগানুগেতি বোধ্যম্। তথাচ—সাধনভাবপ্রেমলক্ষণা ভক্তির্যদনুগ্রহাৎ প্রাপ্যতে, স শ্যামানন্দো ভজনীয় ইতি।।৪।।

।।ইতি চতুঃশ্লোকী।।

হে সুবিজ্ঞ জনবৃন্দ! যদি বিরলপ্রচার মধুর প্রেমরূপ অমৃত রসের আস্বাদন বিষয়ে তোমাদের চিত্ত লালসান্বিত হইয়া থাকে, যদি সাধনশ্রম ব্যতীত অনায়াসেই ভাব-চিন্তামণিলাভে ইচ্ছা হয় এবং রাগানুগ ভক্তিসম্পদ লাভে যদি রুচি হয়, তাহা হইলে সর্ব্বাত্মভাবে নিরন্তর এই শ্রীশ্যামানন্দ-রূপ শ্রেষ্ঠ কল্পতরুর ভজনা কর।।৪।।

।।ইতি চতুঃশ্লোকী।।

১ অথ সান্দ্রানন্দ-নিধিঃ—

যস্য শ্রীচরণারবিন্দযুগল - স্পর্শাধিকারোৎসবা
স্নিগ্ধেয়ং ধরণী বিভাতি নিতরাং কার্ষ্ণৈ স্তৃতা সর্ব্বতঃ।
তং কার্ষ্ণিং প্রণতোঽস্মি কৃষ্ণ - রসদং চিৎসৌখ্যসান্দ্রাকৃতিং
শ্যামানন্দমমন্দলীল- পরমানন্দং সুরেন্দ্রার্চ্চিতম্।।৫।।
শান্তা ব্রহ্মরসাম্বুরাশিমিহ যং জানন্তি শুভ্রাশয়া
যং সুপ্রেমরসোজ্জ্বলাশ্চ পরমপ্রেমাস্পদং কোবিদাঃ।
মায়ামোহিত-মানসাশ্চ যমমী অজ্ঞা জনাঃ প্রাকৃতং
তং বন্দে মিষমানুষাকৃতিমজং শ্রীদূরিকা-গর্ভজম্।। ৬।।

কিঞ্চ যস্যেতি—কার্ষ্ণৈঃ কৃষ্ণভক্তৈঃ। 'সাস্য দেবতেতি' (৪।২।২৪) সুত্রাদণ্। স্তৃতা ব্যাপ্তা। কার্ষ্ণিং কৃষ্ণানন্দ-সুতং, সত্যভামা ভামেত্যাদিবন্নামৈক-দেশেন নান্নো গ্রহণাৎ, 'অত ইঞ্ঞিতি' (৪।১।৯৫) সুত্রাদপত্যেঽর্থে ইঞ্। কৃষ্ণরসদং নন্দাত্মজানুরাগদায়িনম্। চিদিতি—বিজ্ঞানানন্দঘনমূর্ত্তিং কৃষ্ণনিত্যপার্ষদত্বাৎ। ভগবৎপার্ষদাঃ খলু ভাগবত-তনবো ভবন্তি, "প্রযুজ্যমানে ময়ি তাং শুদ্ধাং ভাগবতীং তনু' মিত্যাদি (১।৬।২৯ভা) স্মৃতিভ্যঃ। অমন্দা সর্ব্বস্তুত্যা ভগবদ্- ভাগবত-সেবাদি-প্রচারলক্ষণা লীলা চরিত্রং যস্য। পরমঃ সর্ব্বোত্তম-স্তৎপ্রচারহেতুক আনন্দো যস্য, স চাসৌ স চেতি নীললোহিতাদি-শব্দবদ্বিশেষণয়োঃ কর্ম্মধারয়ঃ। সুরেন্দ্রার্চিতমিতি—রাসযাত্রামহোৎসবে বর্ষুকেণাপীন্দ্রেণ যদাজ্ঞপ্তেন যাত্রিকবসতে রন্যত্র প্রাচ্য দিশা পাঞ্চাহ্নিক্যা মহাবৃষ্টের্বিধানাৎ স্ফুটমন্যৎ।।৫।।

চিৎসৌখ্যসান্দ্রাকৃতিমিত্যুক্তং পুষ্ণন্নাহ—শান্তা ইতি। শুভ্রাশয়া নির্ম্মল-চিত্তাঃ শান্তাঃ, কোবিদা বিদ্বাংসো যং ব্রহ্মরসাম্বুরাশিং জানন্তি,—নিস্তরঙ্গ সিন্ধুরিব

১। সান্দ্রানন্দ-নিধি—

যাঁহার শ্রীপাদপদ্মযুগলের স্পর্শাধিকার লাভে এই পৃথিবী আনন্দময়ী ও স্নেহশীলা হইয়া সর্ব্বস্থানে শ্রীকৃষ্ণভক্ত-জনগণ কর্তৃক ব্যাপ্তা রহিয়াছেন, সেই শ্রীকৃষ্ণপ্রেমদাতা, ঘনীভূত চিদানন্দমূর্ত্তি, মহালীলামত্ত, পরমানন্দময়, দেবেন্দ্র-পূজিত শ্রীকৃষ্ণভক্ত শ্রীশ্যামানন্দ দেবকে প্রণাম করি।।৫।।

পাষণ্ডাধম - শৈবশাক্তক - মহাদৈত্যেন্দ্র - সেনাযুতৈ-
র্বিক্রান্তৈ র্বিকলাং বিলোক্য পরিতো গাং কার্ষ্ণসেনাবৃতঃ।
আসীল্লোচন-গোচরোঽত্র কৃপয়া যঃ প্রেম-শাস্ত্রন্বিত-
স্তং বন্দে কলিকল্মষৌঘ-দলনং কার্ষ্ণিং জগন্মঙ্গলম্।।৭।।

লীলাবিলাসশূন্যশ্চৈতন্যবাশিরীশ্বরো ব্রহ্ম, তদ্রস স্তদনুভব স্তদম্বুরাশিং তৎসমুদ্রং যং শান্তভক্তা অনুভবন্তীত্যর্থঃ। হরিণৈব শান্তেষু যেন রহস্যলীলা ন প্রকাশ্যতে ইত্যাশয়ঃ। সুপ্রেমরসোজ্জ্বলা দাস্যাদিভাবভাজঃ কোবিদাঃ যং পরমপ্রেমাস্পদং জানন্তি। শান্তাদিভাবাৎ পরমঃ শ্রেষ্ঠো যঃ প্রেমা মধুররতিলক্ষণ স্তদাস্পদং তদাধারমনুভবন্তীত্যর্থঃ। অমী মায়ামোহিতমানসা অজ্ঞাঃ, শৈবশাক্তাদয়ো কোবিদা যং প্রাকৃতং জানন্তি তং বন্দে। কীদৃশ-মিত্যাহ—মিষেতি। মিষং ছলং মানুষাকৃতির্যস্য তম্। তত্র যৎ প্রাকৃত-মনুষ্যত্বং তৈঃ প্রতীয়তে, তৎ কিল ভগবতীব মায়াকৃতাচ্ছলা-দেবেত্যর্থঃ। যস্মাদজং সন্তং শ্রীদুরিকাগর্ভজমিতি—'অজোঽপি সন্নব্যয়াত্মে'ত্যাদৌ স্বরূপ-স্বভাবাত্যাগেন হরেরাবির্ভাবমাত্রং জন্ম যথোচ্যতে, তথাস্যাপীতি ভাবঃ। ইহ বিশেষস্ত্বগ্রে লেখ্যঃ।।৬।।

ধর্ম্মগ্লানিমধর্ম্মোত্থানং চ বিলোক্য যথা হরিরবতরেৎ, তথা তদিচ্ছায়ত্তো-ঽয়মবাতরদিত্যাহ-পাষণ্ডেতি। পাষণ্ডা বেদবিরুদ্ধা যে স্বাগমকল্পিতা ধর্ম্মাস্তৈরধমা বিনিন্দ্যা যে শৈবাদয়ো দৈত্যেন্দ্রা স্তৎসেনানামযুতৈ স্তচ্ছিষ্যানুশিষ্যসমূহৈঃ, বিক্রান্তৈর্ন্যায়াদি-শাস্ত্রব্যুৎপত্তি-বলবদ্ভির্বিকলাং দুঃখিতাং বিনষ্ট বেদোক্তভক্তি-মার্গামিতি যাবৎ। গাং পৃথিবীং বিলোক্য যঃ কৃপয়া তস্যা লোচনগোচর আসীৎ। তং কার্ষ্ণিং বন্দে ইত্যনুষঙ্গঃ। কীদৃশঃ সন্নিত্যাহ— কার্ষ্ণসেনাবৃতঃ কৃষ্ণভক্তানীকযুক্তঃ।

নির্ম্মলচিত্ত শান্তভক্তগণ যাঁহাকে ব্রহ্মানন্দের সমুদ্ররূপে অবগত আছেন, দাস্যাদি প্রেমরসে উজ্জ্বলমূর্ত্তি রসিক পণ্ডিতগণ যাঁহাকে শ্রেষ্ঠ প্রণয়ের পাত্র বলিয়া জানেন এবং যাঁহাকে মায়ামুগ্ধচিত্ত অজ্ঞলোকেরা প্রাকৃত (সাধারণ) মানব বলিয়া মনে করেন, সেই জন্মরহিত ছলমানবাকার শ্রীদুরিকা-তনয়কে বন্দনা করি।।৬।।

পাষণ্ড, অধম, শৈব, শাক্ত, দৈত্যশ্রেষ্ঠগণের অযুত অযুত বিক্রমশালী শিষ্যানুশিষ্য সেনারূপে পৃথিবীকে সর্ব্বদিকে আক্রমণ দ্বারা বিকল করিলে যিনি

মায়ারণ্যচরেন্দ্রতা-মদভর-প্রোচ্ছৃঙ্খলোল্লঙ্ঘনং
সংসারাতিভয়ঙ্করোগ্রবলবচ্ছার্দ্দূলবিক্রীড়িতম্।
যন্নাম্না কলিকালসঙ্গ-বলিতং স্তম্ভং যযৌ তৎক্ষণাৎ-
তং কার্ষ্ণিং প্রণমামি মূর্ত্তিমদিদং তেজো মহাভীভয়ম্।।৮।।

প্রেমশস্ত্রান্বিতঃ পাষণ্ডখণ্ডকেন ভগবৎ-প্রেমখড়্গেন যুক্তশ্চ সন্নিত্যর্থঃ। স্ফুটমন্যৎ দৈত্যান্ হরিরিব পাষণ্ডিনো যো নিরাস্থদিত্যর্থঃ। পাষণ্ডিনাং দ্বিজানামপি দৈত্যত্বং—'ন মাং দুষ্কৃতিনো মূঢ়াঃ প্রপদ্যন্তে নরাধমাঃ। মায়য়াপহৃতজ্ঞানা শ্চাসুরং ভাবমাশ্রিতা' ইতি শ্রীগীতাভ্যঃ।।৭।।

ততঃ কিমভূত্তত্রাহ মায়েতি। সংসারোঽবিদ্যালক্ষণঃ স এবাতি-ভয়ঙ্কর উগ্রো বলবান্ শার্দূল স্তস্য যদ্ বিক্রীড়িতং সর্ব্বত্র সঞ্চার স্তৎ যস্য নাম্না স্তম্ভং নিবৃত্তিং যযৌ প্রাপ—তং কার্ষ্ণিং কৃষ্ণানন্দাত্মজং প্রণমামি। তদ্বিক্রীড়িতং বিশিনষ্টি—মায়েতি। মায়া দম্ভে কৃপায়াঞ্চেতি বিশ্ব-প্রকাশাৎ, মায়ারণ্যেষু কপট-কাননেষু যে চরন্তি পর্য্যটন্তি তে মায়ারণ্যচরা বিদ্বেষমাৎসর্য্যক্রৌর্য্যাদয়ো মৃগাদি-স্থানীয়া স্তেষামিন্দ্রোঽস্মীতি যো মদভর স্তেন প্রোচ্ছৃঙ্খলমতিনির্মর্য্যাদং চ তদুল্লঙ্ঘনং সর্বাতিক্রমম্ চেতি তৎ। কেলি-কালস্য সঙ্গেন বলিতং জাতবিক্রমন্। কার্ষ্ণিং বিশিনষ্টি—মূর্ত্তিমদিদং তেজঃ। মহাভিভয়ং যমস্যাপি ভয়ং যস্মাত্তৎ। যৎসম্বন্ধিনাং যমভয়ং সুদূরাপাস্তমিতি ভাবঃ। রূপকমলঙ্কারঃ। শার্দূলবিক্রীড়িতস্য ছন্দসঃ সূচনান্মুদ্রালঙ্কারশ্চ। তল্লক্ষণং চ—সূচ্যার্থসূচনং মুদ্রা পদৈঃ প্রকৃতবাচিভিরিতি।।৮।।

কৃপাপূর্ব্বক শ্রীকৃষ্ণজনরূপ সেনা দ্বারা বেষ্টিত ও প্রেমরূপ শস্ত্র দ্বারা সজ্জিত হইয়া এই ভূ-মণ্ডলে নেত্রগোচর হইয়াছিলেন, সেই কলি-কালের পাপ সমূহের নিরাসক জগতের মঙ্গলকর্ত্তা শ্রীকৃষ্ণানন্দ-তনয় শ্রীকৃষ্ণ-নিজজনকে বন্দনা করি।।৭।।

কপটারণ্যে বিচরণশীল বিদ্বেষ-মাৎসর্য্য-ক্রুরতাদি স্বরূপ পশুসদৃশ দুষ্ট-ভাবসমূহ এবং তাহাদের শ্রেষ্ঠ মাৎসর্য্য, তাহার প্রতাপে অতি অনিয়ম্য ও সর্ব্বাতিশায়ী, আবার কলিকালের সঙ্গহেতু মহাপরাক্রমশীল অবিদ্যাময় সংসাররূপ অতি ভয়ঙ্কর ও বলবান্ ব্যাঘ্রের পৃথিবীতে সর্ব্বত্র সঞ্চার—যাঁহার নামবলেই স্তব্ধ হইয়াছে, যাঁহার নামেই যাবতীয় অবিদ্যামূলক কলিকল্মষজাত সংসার বিদূরিত হইয়াছে-সেই যমভয়হারী মূর্ত্তিমান্ তেজঃস্বরূপ শ্রীকৃষ্ণানন্দ-নন্দনকে প্রণাম করিতেছি।।৮।।

দষ্টং কালকুভোগিনা নিপতিতং সংসার-কূপে কলৌ
সংক্লিষ্টং বিষয়ান্ধকার-বিদৃশং যং প্রেক্ষ্য লোকং ঘৃণী।
দত্ত্বা স্বাঙ্ঘ্র্যবলম্বভক্ত্যগদরাট্ প্রেমাঞ্জনান্যুদ্ধরেৎ
সংসেবে ব্যসনার্দনং ত্রিজগত স্তং কৃষ্ণসূনুং প্রভুম্।। ৯।।

দগ্ধাঃ ফল্গুবিরক্তিতোঽরসহৃদশ্চাধ্যাত্মিক-জ্ঞানতো
ব্যাসক্তাঃ কিল হৈতুকা দৃঢ়জরন্মীমাংসকা স্তাপসাঃ।
অন্যে যে কঠিনাশ্চ তে যদমল-প্রেমাম্বুবিন্দুদ্রুতাঃ
কৃষ্ণানন্দ-সুতং নতোঽস্মি তমহং লীলারসাম্ভোনিধিম্।। ১০।।

যন্নাম্না প্রাণিনাং সংসারঃ ক্ষীণ ইত্যুক্তম্। অথ তৎক্ষয়ে স্বয়ং চ প্রযত্নবান-ভূদিত্যাহ—দষ্টমিতি। কলৌ সংসারকূপে নিপতিতং বিষয়ান্ধকার-বিদৃশং লোকং কাল-কুভোগিনা দষ্টং বীক্ষ্য যো ঘৃণী দয়াবান্ স্বাঙ্ঘ্র্যবলম্বাদীনি দত্ত্বা তং সমুদ্ধরেত্তং কৃষ্ণসূনুমহং সংসেবে ইত্যন্বয়ঃ। কালো নিমেষ-কাষ্ঠাদি লক্ষণঃ, স এব কুভোগী দুষ্টসর্পঃ শ্লেষেণ কালবর্ণকুভোগী তেন দষ্টম্। বিষয়স্তরুণী-রূপস্পর্শাদি তদ্রূপেণান্ধকারেণ বিদৃশং নষ্টদৃষ্টিম্। কূপে নিপতিতস্য সর্পদষ্ট স্যান্ধস্যাবলম্বেন কূপাদুদ্ধারো হগদেন বিষনাশোঽঞ্জনেন দৃষ্টিলাভশ্চ ভবেদিত্যতস্তত্রয়ং দত্ত্বেত্যুক্তম্। উদ্ধরেদিত্যধীষ্টেঽর্থে লিঙ্ (পাণিনি সূত্র—৩/৩/১৬৬)। সংসেবে তদেকান্তিভাবেন ভজে। ত্রিজগতো ব্যসনার্দনং দুঃখনিবর্ত্তকমিতি দেবাদয়োঽপ্যস্মিন্ ভারতে বর্ষেঽবতীর্ণাঃ যতঃ কীর্ত্তনাদিভক্তিং প্রাপ্য কৃতার্থা বভূবুরিতি ব্যঞ্জিতম্।। ৯।।

ননু সংসারকূপনিপতিতা যে কার্ষ্ণিনা সমুদ্ধৃতা স্তে কিং হালিকাদয়ো ভবন্তি, বিদ্বাংসঃ সভ্যা বেতি পৃচ্ছায়ামাহ—দগ্ধা ইতি। শ্রীজগন্নাথমহাপ্রসাদেঽপি

কূপে নিপতিত অথচ সর্পদংষ্ট্র অন্ধব্যক্তিকে রজ্জুপ্রভৃতির সাহায্যদানে কূপ হইতে উদ্ধার, ঔষধ-প্রয়োগে বিষনাশ এবং অঞ্জনবিলেপনে দৃষ্টিদান করা মহাকৃপালুতার পরিচায়ক। কলিযুগে সংসার কূপে নিপতিত (কামিনী-কাঞ্চনাদি) বিষয়রূপ অন্ধকারে লুপ্তদৃষ্টি, অথচ কালরূপ দুষ্ট কালসর্প-কর্তৃক দংষ্ট্র ও সম্যক্ ক্লিষ্ট মানবগণকে দেখিয়া যে কৃপাময় প্রভু নিজ পাদপদ্মের অবলম্বন, ভক্তিরূপ ঔষধরাজ ও প্রেমরূপ অঞ্জন-সমর্পণে উদ্ধার করিয়াছেন,—সেই ত্রিভুবনের দুঃখনাশন শ্রীকৃষ্ণানন্দ-নন্দনকে একান্তভাবে ভজন করি।। ৯।।

মগ্নং ঘোর-সুদুস্তরেঽখিলজনং সংসার-বারাংনিধৌ
পারাবার-গমাগমব্যসনিতামুদ্ধর্ত্তুকামো গতঃ।
কৃষ্ণপ্রেম-বহিত্রমাবিরকরোদ্ যঃ কর্ণধরঃ স্বয়ং
সান্দ্রানুগ্রহমূর্ত্তয়ে ভগবতে তস্মৈ নমঃ কার্ষ্ণয়ে।।১১।। ইতি

প্রাকৃতত্ববুদ্ধ্যা তৎপরিত্যাগঃ ফল্গুবিরক্তি স্তয়া যে দগ্ধা ভোগানাং ত্যাগেনা-বশিষ্টত্বগস্থয়ঃ। আধ্যাত্মিকজ্ঞানতঃ স্বস্মিন্ ব্রহ্মাত্বমননেনারসহৃদঃ পরেশ-ভক্তিরসবর্জিতহৃদয়াঃ কেবলাদ্বৈতিনঃ। যে চ হৈতুকা হেতুকল্পকা বৈশেষিকা নৈয়ায়িকাশ্চ ব্যাসক্তাঃ স্বস্বকল্পিতশাস্ত্রযুক্তি-চিন্তানিরতাঃ। তত্রাদ্যা নব-বিশেষগুণবিনাশমাত্মনো মোক্ষং মন্যন্তে। অন্তিমাস্তু একবিংশতিবিধ-দুঃখ-নাশম্। উভয়ে চ পরমাণুভি র্জগদারম্ভং প্রাহুঃ। যে চ দৃঢ়জরন্মীমাংসকাঃ দৃঢ়াঃ স্বসিদ্ধান্তস্থিরা জরন্মীমাংসকা প্রভাকর ভট্টাদয়ঃ কর্ম্মৈব সর্বপুমর্থ-প্রদমীশ্বরন্তু কর্মাঙ্গমাহুঃ। যে বান্যে তাপসাঃ কাপিলাঃ কঠিনাঃ শুষ্কহৃদয়াঃ প্রকৃতিরেব স্বতন্ত্রা নিখিলকারণমীশ্বরস্তু নাস্ত্যেব, প্রকৃতিপুরুষ-বিবেক প্রত্যয়াদেবচিন্মাত্রাত্ম-সাক্ষাৎকারো মোক্ষ ইত্যাহুঃ। তে সর্বে যতো লব্ধেরমল প্রেমাম্বুবিন্দুভি র্দ্রুতা দ্রবীভূতচিত্তা বভুবু স্তং কৃষ্ণানন্দসুতং নতোঽস্মীত্যনুষঙ্গঃ স্ফুটমন্যৎ।।১০।।

শ্রীজগন্নাথের মহাপ্রসাদেও প্রাকৃতত্ব-বুদ্ধি স্থাপন পূর্বক তাহা পরিত্যাগই ফল্গু বৈরাগ্য। এই ভাবের বৈরাগ্য করিয়া ভোগত্যাগে যাঁহারা অস্থিচর্ম্মসার হইয়াছেন—'আমিই ব্রহ্ম' এই ধ্যানধারণা করিয়া যাঁহারা পরমেশ-ভক্তিবর্জিত-হৃদয় হইয়াছেন অর্থাৎ কেবলাদ্বৈতবাদিগণ,—যাঁহারা স্ব-স্ব কল্পিত শাস্ত্র-যুক্তি-চিন্তায় নিরত হইয়া কেবল হেতুবাদেরই প্রাধান্য দেন অর্থাৎ বৈশেষিক ও নৈয়ায়িকগণ যাঁহারা পরমাণুবাদ স্বীকার করিয়াছেন,—স্বসিদ্ধান্তে স্থির জরন্মীমাংসক প্রভাকর কুমারিল ভট্টানুগামী যাঁহারা কর্মেরই প্রাধান্য দান করতঃ ঈশ্বরকে কর্মাধীন বলিয়াছেন,— যাঁহারা শুষ্কহৃদয় তাপস অর্থাৎ "প্রকৃতিই স্বতন্ত্র কর্ত্তা, 'ঈশ্বর' নামে কোনো বস্তু নাই এবং প্রকৃতি-পুরুষের বিবেক বিজ্ঞান হইতেই আত্মসাক্ষাৎকার মোক্ষ লাভ হয়" ইত্যাদি বলিয়া কপিলের সাংখ্য-মতানুসারী হইয়াছেন—তাঁহারা সকলেই যে মহাজনের নিকট বিমল প্রেমাম্বুধারা প্রাপ্ত করিয়া দ্রুতচিত্ত হইয়াছেন—সেই লীলারস-সমুদ্র শ্রীকৃষ্ণানন্দ-সুতকে প্রণাম করিতেছি।।১০।।

প্রযত্নবত্তাং প্রপঞ্চয়তি---মগ্নমিতি। সংসারবারাং নিধাবখিলজনং মগ্নমুদ্ধর্ত্তুকামো যঃ পারাবারগমাগম-ব্যসনিতাং গতঃ স্বয়ং কর্ণধারঃ সন্ কৃষ্ণ-প্রেমবহিত্রমাবিরকরোত্তস্মৈ কার্ষ্ণয়ে নম ইত্যন্বয়ঃ। ব্যসনিতাং শক্তিমত্তাং,'ব্যসনং ত্বশুভে শক্তৌ পান-স্ত্রী-মৃগয়াদিষ্বিতি' বিশ্বঃ। সংসারবারাং নিধৌ কীদৃশে ইত্যাহ—ঘোর-সুদুস্তরে ইতি। কর্ণধারো নাবিকঃ, শ্লেষেণ দীক্ষাকালে শ্রোত্রস্পর্শাদ্ গুরুঃ সন্ স হি অবারস্থান্ নীত্বা পারং গচ্ছতি, পুনর ন্যান্নেতু মবারমাগচ্ছতি। তথা যঃ কাংশ্চিদ্ ভক্তিউপদেশেন সংসারান্ মোচয়তি; পুনরান্যাংশ্চ তেন ততো মোচয়িতুমিচ্ছতীত্যেতত্তদ্ব্যসনিতয়া নিগদ্যতে। বহিত্রং নৌকাম্। লৌকিকে বহিত্রে পাদৌ নিধায় পারো গম্যতে । এতদ্বহিত্রং তু হৃদি নিধায়েতি বিচিত্রমেতৎ। কামক্রোধাদি নক্রবাহুল্যাদ্ ঘোরেতি, গম্ভীরবিস্তীর্ণরূপত্বাৎ সুদুস্তরে ইত্যর্থঃ। কার্ষ্ণয়ে কীদৃশায়েত্যাহ—ভগবত ইতি। 'উৎপত্তিং প্রলয়ঞ্চৈব ভূতানামাগতিং গতিম্। বেত্তি বিদ্যামবিদ্যাঞ্চ স বাচ্যো ভগবানি'ত্যুক্তলক্ষণায়েত্যর্থঃ। তথাচ শ্রীমদনগোপালেন ভগবতা গোবর্দ্ধনাচলপরিক্রমণে ত্রিরাজ্ঞপ্তো যদর্থং বৃন্দাবনাদুৎকলং গত স্তদিদং বহুজনোদ্ধরণং যশ্চকারেতি।।১১।।

কামক্রোধাদি নক্রবহুল, গম্ভীর ও সুবিস্তর সংসার-সমুদ্রে নিমগ্ন নিখিল জনগণকে উদ্ধার করিবার মানসে যিনি পারাপার গমনাগমনের ব্যসনিতা অর্থাৎ সামর্থ্য প্রাপ্ত হইয়াছেন, স্বয়ং কর্ণধার হইয়া শ্রীকৃষ্ণপ্রেম-নৌকা আবির্ভূত করিয়াছেন,— নিবিড় অনুগ্রহ-মূর্ত্তি সেই শ্রীভগবান্ কার্ষ্ণিকে নমস্কার করি। কর্ণধার (নাবিক) যেরূপ এইপারে অবস্থিত জনগণকে নৌকারোহণ করাইয়া ওইপারে লইয়া যায় এবং পুনর্বার অন্য লোক লইতে এইপারে আসে,— সেইরূপ ইনিও কোনও কোনও ভক্তকে দীক্ষাকালে কর্ণস্পর্শপূর্বক মন্ত্রদানে গুরু-স্বরূপে ভক্তির উপদেশ করিয়া সংসার হইতে মোচন করেন এবং অন্যজনগণকেও এইভাবে মুক্ত করিতে সতত ইচ্ছুক। এই কার্য্যেই ব্যসনিতার (পরমশক্তির) পরিচয় হইতেছে। লৌকিক নৌকায় পদার্পণ করতঃ পারে গমন হয়, আর এই প্রেমনৌকা কিন্তু হৃদয়ে ধারণ করিলেই সংসার-সাগর উত্তীর্ণ হওয়া যায়—ইহাই বিচিত্র! শ্রীমন্ মদনগোপাল গোবর্দ্ধন-পরিক্রমাকালে ইঁহাকে তিনবার আদেশ করেন,— 'তুমি উৎকলে গিয়া বহু বহু পতিত জীবের উদ্ধার কর।' — এই আজ্ঞাবলে তিনি শ্রীবৃন্দাবন হইতে উৎকলে আসিয়া বহুমানবের ভব-পারের কর্ত্তা হইলেন।।১১।।

২। অথ প্রসাদজলধিঃ—

ভিন্নাভিঃ শ্রুতিভিঃ স্মৃতি-প্রভৃতিভি র্ভ্রান্তাঃ পুরাণাগমৈঃ
সিদ্ধান্তৈরপি কৃষ্ণভক্তি-রসিকাঃ স্যু র্যৎপ্রসাদ-স্থিরাঃ।
দূরানন্দনমানতোঽস্মি তমহং বেদার্থ-সারাস্পদং
ত্রয্যাগীত-গুণানুবাদমতুলানন্দং পরেষাং পরম্।। ১২।।

ননু পাষণ্ডেত্যাদিনা দগ্ধাঃ ফল্গুইত্যাদিনা চ নানাকুমতগ্রস্তান্ যো ভক্তিভাজ শ্চকারেত্যুক্তম্। তান্ কিং নিজৈশ্বর্য্যশক্ত্যৈব তথা চকার কিংবা স্বপাণ্ডিত্য-বলেনাপীতি পৃচ্ছায়াং তদ্বলেনাপীত্যাহ—ভিন্নাভির্মিথোঽন্যার্থাভিঃ শ্রুতিভিঃ। তথা স্মৃতিভিশ্চ মনু-যাজ্ঞবল্ক্যাদিপ্রোক্তাভিঃ ভিন্নার্থাভিঃ। 'প্রভৃতি' শব্দাৎ-ইতিহাসৈশ্চ তাদৃশৈঃ। তথা পুরাণৈঃ আগমৈশ্চ শিবাদি-প্রণীতৈ র্যে মিথো বিরুদ্ধাঃ সিদ্ধান্তা স্তৈর্ভ্রান্তাঃ পণ্ডিতা যস্য প্রসাদেন স্থিরা স্তত্তদ্বাক্যৈক-বাক্যতয়া যেন নির্ণীতে কৃষ্ণপারতম্যে দৃঢ়শ্রদ্ধাঃ সন্তঃ কৃষ্ণভক্তিরসিকাঃ স্যুস্তং দূরানন্দন-মানতোঽস্মীত্যন্বয়ঃ। তস্য তথা নির্ণায়কত্বং দর্শয়িতুং বিশিনষ্টি—বেদার্থেতি। তৎসার স্তন্নিষ্কর্ষ স্তদাস্পদং তজ্জ্ঞমিত্যর্থঃ। তৎ কথং তত্রাহ—ত্রয়ীতি। ঋক্সামযজুংষিত্রয়ী তয়া আ সমন্তাত্তাৎপর্য্যেণ গীতস্য কৃষ্ণস্য যে গুণাঃ সর্বেশ্বরত্ব-সর্বকারণত্বাদয় স্তাননুবদতীতি তম্। কর্মণ্যণ্, 'যৌঽসৌ সর্বৈ র্বেদৈ র্গীয়ত' ইতি শ্রুতিঃ। 'বেদৈশ্চ সর্বৈরহমেব বেদ্যঃ'ইতি স্মৃতিশ্চ। স্ফুটমন্যৎ।। ১২।।

২। প্রসাদ - জলধি—

পরস্পর বিভিন্নার্থক শ্রুতি-সমূহ, মনু-যাজ্ঞবল্ক্য প্রভৃতির ভিন্নার্থক স্মৃতি-সমূহ, ইতিহাস, পুরাণ এবং শিবাদি-প্রণীত আগমাদির পরস্পর বিরুদ্ধ সিদ্ধান্তজালে ভ্রান্ত পণ্ডিতগণ যাঁহার অনুগ্রহে স্থির হইয়া শ্রীকৃষ্ণ পারতম্যে দৃঢ় শ্রদ্ধাবান্ ও শ্রীকৃষ্ণভক্তিরসিক হইয়াছেন—সেই শ্রীদূরিকা-নন্দনের চরণে প্রণত হইতেছি। অহো! তিনি নিখিল বেদার্থবেত্তা এবং ঋগাদি বেদত্রয়ে সম্যক্প্রকারে গীত শ্রীকৃষ্ণের সর্বেশ্বরত্ব, সর্ব্বকারণত্বাদি গুণরাজির অনুকথনে নিরত। তিনি পরমানন্দময় এবং পরাৎপর অর্থাৎ সর্ব্বশ্রেষ্ঠ ।। ১২।।

বাদোদর্ককুতর্ক-কর্কশধিয়ঃ সাংখ্যাতিসংখ্যোন্নতা
বেদান্তাধ্বনি পান্থতামুপগতা বৈশেষিকোদ্বক্রগাঃ।
মীমাংসা-প্রবলাশ্চ যে ব্যসনিনঃ পাতঞ্জলে তেঽভবন্
যস্যানুগ্রহলেশতোঽচ্যুতপরা স্তস্মৈ নমঃ কার্ষ্ণয়ে।। ১৩।।
বাণী যস্য বিনোদিনী সুবিদুষাং গোবিন্দ-বার্ত্তাঙ্কিতা
লীলা যস্য শুভঙ্করী ত্রিজগতঃ কৃষ্ণানুরাগপ্রদা।
হাসো যস্য মদান্ধকার-দলনো নানামদান্ধাত্মনাং
দৃষ্টি র্যস্য কৃপাবলোক - মধুরা তস্মৈ নমঃ কার্ষ্ণয়ে।। ১৪।।

ননু তাদৃশশ্রুত্যাদি-কল্পিতৈঃ সিদ্ধান্তৈ র্ভ্রান্তাস্তে কে বভূবুরিত্যপেক্ষায়ামাহ —বাদোদর্কেতি। বাদঃ কলহ এবোদর্কঃ উত্তরফলং যেষু তাদৃশৈঃ কুতর্কৈঃ কর্কশা নিষ্ঠুরা ধিয়ো যেষাং তে। তাদৃশা যে সাংখ্যাতিসংখ্যোন্নতাঃ নিরস্বীর-কপিলশাস্ত্রজন্য প্রকৃতি-পুরুষবিবেক-জ্ঞানগর্বিণঃ। যে বেদান্তাধ্বনি নির্বিশেষচিন্মাত্রাদ্বৈতবাদে পান্থতাং তদ্গ্রাহিতামুপগতা মায়াবাদিনঃ। যে বৈশেষিকোদ্বক্রগাঃ কাণাদং শাস্ত্রমধীত্য তদ্ব্যুৎপত্তি-নির্ভরেণ বক্রয়া গত্যা চলন্তোঽন্যান্ কাংশ্চিদপ্যগণয়ন্ত ইত্যর্থঃ। যে মীমাংসা-প্রবলাঃ জৈমিনীয়াং দ্বাদশলক্ষণীং মীমাংসাং সভাষ্যামধীত্য প্রকৃষ্টপাণ্ডিত্যবলশালিনো ভাট্টা ইত্যর্থঃ। যে চ পাতঞ্জলে ব্যসনিনঃ পতঞ্জলিমহর্ষি প্রণীতে যোগশাস্ত্রে ভক্তিমন্তো যোগিনঃ। তে সর্বে যস্যানুগ্রহ-লেশতোঽচ্যুতপরাঃ কৃষ্ণৈকনিষ্ঠা অভবন্, তস্মৈ কার্ষ্ণয়ে নমঃ। তথা চ স্বপাণ্ডিত্যেন তত্তন্মতানি নির্ধূয় যঃ কারুণিকস্তান্ হরিভক্তান্ কৃতবানিতি নিজৈশ্বর্য্যেণ পাণ্ডিত্যেন চাসমাভ্যধিকেন ভ্রাজমানঃ স নমস্য ইতি।। ১৩।।

পরিণামে কলহমাত্রেই যাহার পর্য্যবসান, এবংবিধ কুতর্কে নিষ্ঠুরবুদ্ধি নিরীশ্বর-কপিলশাস্ত্রোত্থ প্রকৃতিপুরুষ-বিবেকাত্মক জ্ঞানে গর্ববান্‌গণ—নির্বিশেষ চিন্মাত্র অদ্বৈতবাদে নিষ্ঠাসম্পন্ন মায়াবাদিগণ—কণাদ-প্রণীত বৈশেষিক শাস্ত্র পাঠ করতঃ তাহার ব্যুৎপত্তিতেই নির্ভর পূর্ব্বক বক্রগতিতে গমনকারিগণ, অর্থাৎ যাঁহারা অন্য কাহাকেও গণনা করে না—জৈমিনীপ্রোক্ত মীমাংসাশাস্ত্র ভাষ্যসহিত পাঠ করিয়া মহাপাণ্ডিত্য-বলশালী ভাট্টগণ—এবং মহর্ষি পতঞ্জলি-প্রণীত যোগশাস্ত্রে ভক্তিমান্ যোগিগণও যাঁহার অনুগ্রহলেশেই শ্রীকৃষ্ণৈকনিষ্ঠ হইয়াছেন—সেই শ্রীকৃষ্ণানন্দ-সুতকে বন্দনা করি।।১৩।।

সৌশীল্যেন বিনোদয়ন্ সুজনতাং মানেন দুষ্টান্নয়ন্
কৈঙ্কর্য্যং পরিমোদয়ন্ কিল বলাৎ পাণ্ডিত্যসারৈ র্বুধান্।
বিশ্বং কৃষ্ণরসাবহেন বপুষা নিঃশেষমানন্দয়ন্
সাদ্‌গুণ্যাদ্ভুতবীর্য্যবান্ বিজয়তে কোঽপি প্রভূণাং প্রভুঃ।। ১৫।।

এবং ভক্তিসম্পদং প্রভাব-সম্পদং পাণ্ডিত্য-সম্পদঞ্চাভিধায় ভক্তিসম্বলিতাং স্বাভাবিকীং চেষ্টামাহ—বাণী যস্যেতি দ্বাভ্যাম্। বিনোদিনী হর্ষকরী। লীলা কৃষ্ণ-তদ্ভক্তপরিচর্য্যারূপা। হাসো যস্যেতি তন্মুখমণ্ডলস্য পূর্ণচন্দ্রত্বং ব্যজ্যতে। হাসস্য কৌমুদীত্বেনাধ্যবসায়াৎ। স্ফুটমন্যৎ।। ১৪।।

সৌশীল্যেনেতি। শীললক্ষণমুক্তং ভারতে—'অদ্রোহঃ সর্বভূতেষু কর্মণা মনসা গিরা। অনুগ্রহশ্চ দানঞ্চ শীলমেতৎ প্রচক্ষতে। যদন্যেষাং হিতং ন স্যাদাত্মনঃ কর্ম পৌরুষম্। অপত্রপেত বা যেন ন তৎ কুর্য্যাৎ কথঞ্চন। তত্তু কর্ম তথা কুর্য্যাৎ যেন শ্লাঘ্যেত সংসদি। শীলং সমাসেনৈতত্তে কথিতং কুরুসত্তম।।' ইতি। সুজনতাং সাধুজনসমূহম্। 'গ্রামজনবন্ধুভ্যস্তল্ সমূহে' ৪২। ৪৩। মানেন সৎকারেণ দুষ্টান্ কৈঙ্কর্য্যং নয়ন্ কিঙ্করান্ কুর্বন্। বুধান্ বৈষ্ণবপণ্ডিতান্। সাদ্‌গুণ্যং সদ্‌গুণনিচয়ঃ। প্রভূণাং প্রভুঃ মহাপ্রভবিষ্ণুঃ। স্ফুটমন্যৎ।। ১৫।।

